

বিদ্যালয়ের নেতৃত্ব



শিখন-শিক্ষণ প্রক্রিয়ার রূপান্তর ঘটানো :প্রাথমিক স্কুলে
শিক্ষাদান এবং শিক্ষালাভের উন্নতিতে নেতৃত্ব দেওয়া

Transforming teaching-learning process:
leading improvements in teaching and
learning in the elementary school



ভারতে বিদ্যালয় ভিত্তিক
সহায়তার ভিত্তিতে শিক্ষকের
জন্য শিক্ষা

www.TESS-India.edu.in



<http://creativecommons.org/licenses/>



TESS-India-এর এই 20টি বিদ্যালয় লিডারশিপ OER (মুক্ত শিক্ষা সম্পদ) বিদ্যালয় নেতৃত্বের বোঝার শক্তি আর দক্ষতা বৃদ্ধিতে সাহায্য করার জন্য, যাতে তারা তাদের বিদ্যালয়ের শিখন ও শিক্ষণ পদ্ধতি উন্নত করার ক্ষেত্রে নেতৃত্ব দিতে পারেন। মূলতঃ এই ইউনিটগুলি বাস্তবমুখী, যাতে বিদ্যালয়ের কর্মী, শিক্ষার্থী ও অন্যান্যদের সাথে নিয়ে কার্যকলাপ সম্পাদন করতে হয়। সফল বিদ্যালয়সমূহের উপর করা গবেষণা ও শিক্ষা সংক্রান্ত অধ্যয়ন এগুলির ভিত্তি।

ইউনিটগুলো পাঠ করার কোন নির্দিষ্ট ক্রম নেই, তবে ‘দ্য স্কুল লিডার অ্যাজ ইনব্লার’ থেকে শুরু করাই শ্রেয়, কারণ এখানে সমগ্র স্তরের একটি অভিমুখ আছে। আপনি নির্দিষ্ট বিষয়ের সাথে সম্পর্কিত ইউনিটগুলি একসঙ্গে অধ্যয়ন করতে পারেন; এই ইউনিট সমগ্র ন্যাশনাল সেন্টার অব স্কুল লিডারশিপ কারিকুলাম ফ্রেমওয়ার্কের (ভারত) মূল বিষয়গুলির সঙ্গে সঙ্গতিপূর্ণ। এগুলি হলঃ ‘বিদ্যালয়ের নেতৃত্ব দৃষ্টিকোণ’(1); ‘পরিচালনা ও স্ব-উন্নয়ন’ (2); ‘শেখানো-শেখার প্রক্রিয়ার রূপান্তর’ (3); এবং ‘পরিচালনায় অংশীদারিত্ব’ (6)। মূল বিষয় 4 ও 5 – উদ্ভাবন ও দলের নেতৃত্ব দান - বিভিন্ন ইউনিটে আলোচিত হয়েছে, তবে নির্দিষ্ট বিষয় হিসাবে নয়। কিছু কিছু ইউনিটে একটির বেশি মূল বিষয় আলোচিত হয়েছে।

এই বিভাগগুলি বিদ্যালয় নেতৃত্ব স্ব-অধ্যয়নের জন্য অথবা নেতৃত্বদান শেখানোর পাঠ্যক্রমের অংশ হিসাবে ব্যবহার করতে পারেন। দুই ক্ষেত্রেই একটি ব্যক্তিগত শিক্ষার ডায়েরি রাখা এবং অন্যদের সঙ্গে কার্যকলাপ ও কেস স্টাডি সংক্রান্ত আলোচনার মাধ্যমে শেখার অভিজ্ঞতা গুণান করে নেওয়া লাভপ্রদ হয়। ‘বিদ্যালয় নেতৃত্ব’ শব্দটি এখানে প্রধান শিক্ষক, অধ্যক্ষ, শিক্ষক-প্রতিনিধি বা যিনি বিদ্যালয়ের নেতৃত্বের ভারপ্রাপ্ত-তাকে বোঝাতে ব্যবহৃত হয়েছে।

ভিডিও সম্পদসমূহ

এই  আইকন নির্দেশ করে কোথায় কোথায় TESS-India স্কুল নেতৃত্ব ভিডিও সম্পদ আছে। এই ভিডিওগুলিতে ভারতীয় বিদ্যালয়ের নেতৃত্বেরা জানিয়েছেন যে শেখানো এবং শেখার উন্নতির জন্য তাঁরা কিভাবে তাদের বিদ্যালয়ে পরিবর্তন আনছেন। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ ব্যবস্থা নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করতে অনুপ্রাণিত করবে। ভিডিও-সম্পদগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে করা আপনার কাজকে আরও সম্পূর্ণ ও সমৃদ্ধ করা, কিন্তু যদি এগুলি উপলভ্য না হয়, সেক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-India ভিডিও সম্পদগুলি TESS-India ওয়েবসাইট <http://www.tess-india.edu.in/> থেকে অনলাইনে দেখা যেতে পারে বা ডাউনলোড করা যেতে পারে। অথবা আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।

TESS-India (বিদ্যালয়-ভিত্তিক সহায়তার মাধ্যমে শিক্ষক প্রশিক্ষণ) প্রকল্পের বিষয়ে

TESS-India-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদ্ধতির উন্নতিতে বিদ্যালয় নেতৃত্ব আর শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস-এর রিসোর্সগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের অনুশীলন উন্নত করা। 105 টি TESS-India বিষয়ক OERs ভাষা, বিজ্ঞান এবং গণিত বিষয়ে বিদ্যালয়ের পাঠ্যপুস্তকের সাথে শিক্ষকদের সঙ্গে প্রদান করে। এগুলি শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য কার্যক্রম দেয়, আর একই সাথে শিক্ষকদের কিছু কেস স্টাডি দেয় যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে কিভাবে যোগসূত্র স্থাপন করেছেন শিক্ষকদের পাঠের পরিকল্পনা ও বিষয়গুণান উন্নত করতে সাহায্য করার উদ্দেশ্যে।

ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য সমস্ত TESS-India OERs ভারতীয় এবং আন্তর্জাতিক লেখকরা সহযোগিতা করে লিখেছেন এবং এগুলি অনলাইনে এবং ছেপে ব্যবহারের জন্য পাওয়া যায় (<http://www.tess-india.edu.in/>)। OERs অনেক রূপে পাওয়া যায় এবং এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা ও প্রাসঙ্গিকতা অনুসারে OERsগুলি উপযোগী করে আঞ্চলিক ভিত্তিতে ব্যবহার করার জন্য ব্যবহারকারীদের অমন্ত্রণ করা হচ্ছে।।

TESS-India The Open University, UK দ্বারা পরিচালিত এবং UK সরকারের অর্থপ্রাপ্ত।

সংস্করণ 2.0 SL04v1

West Bengal

তৃতীয় পক্ষের উপাদানগুলি বা অন্যথায় বর্ণিত না হলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উলপব্দ: <http://creativecommons.org/licenses/by-sa/3.0/>

এই ইউনিটের বিষয়বস্তু

এই এককটি/আপনার বিদ্যালয়ে শিক্ষাবিজ্ঞান সংক্রান্ত পরিবর্তন নিয়ে আসতে এবং আপনার শিক্ষকদের অভ্যাস গড়ে তুলতে সহায়তা করবে। এই বিষয়টি নিয়ে অনেক কিছু লেখা হয়েছে – সক্রিয়তা-ভিত্তিক শিক্ষা এবং ‘শিশু-কেন্দ্রিক শিক্ষা’ জাতীয় বিষয়গুলির উপরে প্রশিক্ষণ আয়োজিত হয়েছে – কিন্তু আপনি এটিকে কীভাবে আপনার স্কুলে প্রকৃতপক্ষে অভ্যাসে পরিণত করবেন? কীভাবে আপনার স্কুলে শিক্ষকদের সাথে TESS-INDIA ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OER-গুলি) ব্যবহার করতে হয় এই ইউনিটটি সে সম্পর্কে ব্যবহারিক উদাহরণগুলি প্রদান করে যাতে আপনার শিক্ষার্থীদের শিক্ষার ফলাফলগুলির প্রগতি বাড়াবার জন্য তাদের পাঠগুলি আরো বেশি অংশগ্রহণমূলক করে তোলা যায়।

এই ইউনিটটি আপনাকে এক পর্ব (প্রায় 12 সপ্তাহ) স্থায়ীকাল বিশিষ্ট একটি পরিবর্তনকারী প্রকল্পের মধ্য দিয়ে এগিয়ে নিয়ে যায়, যেখানে আপনি আপনার স্কুলের শিক্ষাবিজ্ঞান সংক্রান্ত পরিবর্তনগুলির উপরে মনোযোগ দেবেন। আপনার শিক্ষকদের শ্রেণিকক্ষের অভ্যাসগুলির এমন একটি দিক সনাক্ত করতে আপনাকে উৎসাহিত করা হবে যা আপনি পরিবর্তন করতে চান। এতে কিছু অ্যাক্টিভিটি আছে যেগুলি আপনি আপনার স্কুলে অনুশীলন করতে পারেন এবং কিছু কেস স্টাডি আছে যেগুলি কার্যে পরিণত করার উদাহরণগুলি প্রদান করে।

আপনি শুরু করার আগে আপনার সম্পূর্ণ ইউনিটটি পড়া উচিত, এবং তারপর পর্বটির মধ্য দিয়ে এগানোর সাথে সাথে আপনার পরিকল্পনা, পদক্ষেপ এবং ভেবে দেখা বিষয়গুলির নথি রেখে, যে ক্রমে অ্যাক্টিভিটিগুলি প্রদান করা আছে সেই ক্রমে অ্যাক্টিভিটিগুলি করা উচিত।

লার্নিং ডায়েরী বা শিক্ষালাভের রোজনামচা

এই ইউনিটটির উপর কাজ করাকালীন, আপনার শিক্ষালাভের রোজনামচাতে আপনাকে লিখতে বলা হবে, যেটা কোন বই বা ফোল্ডার হতে পারে যেখানে আপনি আপনার ভাবনা-চিন্তা ও পরিকল্পনা এক জায়গায় নথিভুক্ত করবেন। হয়ত আপনি এর মধ্যেই এটা শুরু করে দিয়েছেন।

আপনি এই ইউনিটটিতে হয়ত একাই কাজ করছেন, কিন্তু যদি আপনি আরেকজন বিদ্যালয় নেতৃত্বের সাথে আপনার শিক্ষা গ্রহণ সম্বন্ধে আলোচনা করতে পারেন, তাহলে আপনি অনেক বেশী শিখতে পারবেন। তিনি এমন কোন একজন সহকর্মী হতে পারেন যার সাথে আপনি ইতিমধ্যেই সহযোগিতা করেন, অথবা এমন কেউ যার সাথে আপনি নতুন সম্পর্ক গড়ে তুলতে পারেন। এটা আনুষ্ঠানিকভাবে বা সাধারণ ঘরোয়া আলাপ-আলোচনার মাধ্যমে হতে পারে। আপনার শিক্ষালাভের ডায়েরিতে আপনি যা লিখে রাখবেন তা এই ধরনের সাফাংকারে কাজে লাগবে, সাথে সাথে আরো দীর্ঘমেয়াদী শেখা ও উন্নতির খসড়াও তৈরি হয়ে যাবে।

এই ইউনিটটিতে স্কুলের প্রধান কী শিখতে পারেন

- TESS-INDIA OER-গুলির শিক্ষাবিজ্ঞান এবং কার্যামের সাথে পরিচিতি।
- আপনার স্কুলে OER-গুলি উপযোগী করে তোলা এবং ব্যবহার করার জন্য সম্ভাবনাটি উপলব্ধি করা।
- আপনার স্কুলে শিক্ষায় শিক্ষার্থীদের অংশগ্রহণ বৃদ্ধি করার জন্য কীভাবে একটি লক্ষ্য সনাক্ত করা যায়।
- শিক্ষাদান ও শেখায় কীভাবে উন্নতি বজায় রাখতে হয় সেই সম্পর্কিত ধারণা লাভ।

1 অংশগ্রহণমূলক, শিক্ষার্থী-কেন্দ্রিক শিক্ষণবিজ্ঞান সক্ষম করা

2005 সালে ফিরে দেখলে, দেখা যাবে NCF এটি সুস্পষ্ট করে দিয়েছিল যে শিক্ষার সেরা ফলাফল অর্জনের জন্য শিক্ষার্থীদের তাদের নিজেদের শিক্ষায় অংশগ্রহণ করাই হল মূল কথা। শিক্ষার্থীদের নিম্নলিখিত সুযোগগুলি থাকা উচিত:

- শিক্ষালাভের সময় ধারণা গঠনে জোর দেওয়া
- তাদের চিন্তাভাবনা এবং অভিজ্ঞতাগুলি সম্পর্কে কথা বলা এবং আলোচনা করা
- তারা বিদ্যালয়ে যা শেখে তার সাথে তাদের দৈনন্দিন জীবনকে সম্পর্কযুক্ত করা।



চিত্র 1 শিক্ষার্থীদের অংশগ্রহণ শিক্ষার উন্নতি ঘটাবে; শিক্ষকরাও আসলে শিক্ষার্থী।

গবেষণা এটির সাথে সহমত। বাস্তবটি হল এই যে কার্যে পরিণত করা কষ্টসাধ্য। অনেক শিক্ষকরাই মেনে নেন যে অধিক শিক্ষার্থী থাকা শ্রেণিগুলি বা মাল্টিগ্রেড (অর্থাৎ বিভিন্ন পাঠশ্রেণির শিক্ষার্থীরা থাকে) এবং বহুভাষিক শিক্ষার্থী থাকা শ্রেণিগুলির মতো কারণগুলি তাদের আরো শিক্ষার্থী-কেন্দ্রিক পন্থাগুলি গ্রহণ করতে বাধা নেয়। TESS-INDIA OER-গুলি শিক্ষকদের জন্য – কেস স্টাডি এবং কার্যকলাপের আকারে বাস্তব উদাহরণ প্রদান করে – যাতে এই উদ্বেগগুলি কাটিয়ে উঠতে সাহায্য পেতে তারা এগুলি শ্রেণিকক্ষে অনুশীলন করতে পারেন।

ভাল বিদ্যালয়ে, শিক্ষকরা নিজেরাও সক্রিয় শিক্ষার্থী হয়ে ওঠার চেষ্টা করেন এবং নিয়মিতভাবে নিম্নলিখিতগুলি করার মাধ্যমে তাদের অভ্যাসগুলি সম্পর্কে ভেবে দেখেন:

- তারা যা করেন তা পরীক্ষা করা
- প্রতিটি শিক্ষার্থী প্রকৃতপক্ষে কী শিখতে পারছে তা যাচাই করা
- তাদের শিক্ষাদানের দক্ষতাগুলি সহ তাদের শ্রেণিকক্ষের অভ্যাসগুলি উপযোগী করে তোলা এবং উন্নত করা।

একজন বিদ্যালয় প্রধান হিসাবে, আপনার ভূমিকার একটি অংশ হল শিক্ষকদের নিজেদের শ্রেণিকক্ষে পরীক্ষা-নিরীক্ষা করতে এবং তাদের অভ্যাস সম্পর্কে ভেবে দেখতে সহায়তা করা। যখন শিক্ষকরা শিক্ষাদানের প্রতিটি অংশগ্রহণমূলক পদক্ষেপ দেখতে পান এবং সেগুলির অভিজ্ঞতালাভ করেন, তখন তারা সফলগুলি উপলব্ধি করবেন। একবার শিক্ষকরা নিজেদের জন্য সফলগুলি পাওয়ার পরে, তারা নতুন পদক্ষেপগুলি গ্রহণ করার আত্মবিশ্বাস অর্জন করবেন।

অ্যাক্টিভিটি 1-এ আপনি আপনার স্কুলের বর্তমান শিক্ষাদান ও শিক্ষালাভ সম্পর্কে বিবেচনা করবেন এবং পরের কয়েকটি সপ্তাহ জুড়ে উন্নয়নের জন্য একটি লক্ষ্য নির্বাচন করবেন। তারপর নিম্নলিখিত অ্যাক্টিভিটিগুলি শিক্ষকদের শ্রেণিকক্ষের অভ্যাসগুলির উন্নতি করতে সহায়তা করার জন্য আপনাকে সাহায্য করবে। এটি চিত্র 2-এ বর্ণনা করা হয়েছে।

অ্যাক্টিভিটি 1: আপনার শ্রেণিকক্ষটি কতটা শিক্ষার্থী-কেন্দ্রিক?

আপনার স্কুলে শিক্ষাদান এবং শিক্ষালাভ ইতিমধ্যেই কতটা শিক্ষার্থী-কেন্দ্রিক, এই অ্যাক্টিভিটিটি আপনাকে তা পরীক্ষা করতে বলে। কোথায় ইতিমধ্যেই সুঅভ্যাস গড়ে উঠছে তা খেয়াল করাও গুরুত্বপূর্ণ কারণ আপনি এটির উপর ভিত্তি করতে পারেন।

সম্পদ 1-এর সারণিটি ব্যবহার করে, আপনার স্কুলের বর্তমান অভ্যাসগুলির একটি নিরীক্ষা করুন। এটি আপনার উপকারের জন্য, তাই এটি আপনার অন্য কাউকে দেখানোর প্রয়োজন নেই। কতজন শিক্ষক এবং কী পরিমাণে তাদের শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের অংশগ্রহণ করাতে সমর্থ হয়েছেন, আপনি সেই প্রমাণটি পেতে চাইছেন। আপনার নিজের শিক্ষাদান সম্পর্কেও ভেবে দেখতে আপনাকে উৎসাহ দেওয়া হয়। আপনার পক্ষে যতটা অকপট হওয়া সম্ভব ততটা হোন। পরের একটি কার্যকলাপে আপনি এই নিরীক্ষাটিতে ফিরে আসবেন।

**ধাপ 1: আপনার স্কুলের শিক্ষাদান
ও শিক্ষালাভ প্রক্রিয়াগুলির নিরীক্ষা**

উদাহরণস্বরূপ, শিক্ষকরা কোন ধরনের
প্রশ্নগুলি জিজ্ঞাসা করেন? শিক্ষার্থীরা কি
প্রশ্ন জিজ্ঞাসা করে?

**ধাপ 8: একটি নতুন লক্ষ্যের
দিকে এগিয়ে যাওয়া**

উদাহরণস্বরূপ, পাঠগুলিতে স্থানীয়
সম্পদগুলির ব্যবহার বৃদ্ধি করার
ব্যাপারে একটি নতুন লক্ষ্য

**ধাপ 2: উন্নতিকরণের জন্য শিক্ষাদান
ও শিক্ষালাভের লক্ষ্যটি বেছে নেওয়া**

উদাহরণস্বরূপ, সকল শ্রেণিগুলিতে বেশি করে
জুটিবদ্ধ কাজের সাহায্য নেওয়া

**ধাপ 7: বজায় রাখার ক্ষমতা গড়ে
তোলা**

উদাহরণস্বরূপ, জুটিবদ্ধ কাজকে অন্তর্ভুক্ত করা
শ্রেণিকক্ষে প্রচলিত অভ্যাস হয়ে ওঠে;
শিক্ষার্থীরা পাঠগুলি জোড় বেঁধে করতে

ধাপ 3: শিক্ষকদের যুক্ত করা

উদাহরণস্বরূপ, একটি কর্মচারী মিটিংয়ে
আলোচনাকে উদ্দীপিত করতে জুটিবদ্ধ কাজ
সম্পর্কিত একটি TESS-INDIA ভিডিও
দেখানো

ধাপ 6: অ্যাক্টিভিটি সম্প্রসারিত করা

উদাহরণস্বরূপ, মূল্যায়নটি থেকে প্রাপ্ত মতামত
ব্যবহার করে পাঠগুলিতে আরো বেশি করে
জুটিবদ্ধ কাজের সাহায্য নেওয়া

ধাপ 4: শিক্ষকের অ্যাক্টিভিটি

উদাহরণস্বরূপ, সকল শিক্ষকরা সেইসকল
পাঠগুলির পরিকল্পনা করছেন যেগুলিতে জুটি
বেঁধে কাজ করতে হয়

ধাপ 5: পাঠগুলির মূল্যায়ন

উদাহরণস্বরূপ, শিক্ষক অথবা
স্কুল প্রধান পাঠগুলি পড়ানোর সময়
সহকর্মীদের পর্যবেক্ষণ করা

চিত্র 2 আরো বেশি করে শিক্ষার্থী-কেন্দ্রিক শিক্ষা সমর্থ করে তোলার চক্র
(শ্রেণিকক্ষে বেশি করে জুটিবদ্ধ কাজের সাহায্য নেওয়ার উদাহরণ ব্যবহার করা)।

2 TESS-India OER-গুলিতে কী আছে?

TESS-India শিক্ষায় প্রতি অংশগ্রহণমূলক পদক্ষেপগুলি গড়ে তুলতে শিক্ষকদের সহায়তা করার সম্পদগুলি আছে। এই বিভাগে এবং পরেরটিতে, আপনি উপলব্ধ সম্পদগুলি মনোযোগ দিয়ে দেখবেন এবং পরিবর্তনের জন্য একটি লক্ষ্য নির্বাচন করবেন (চিত্র 2-এ ধাপ 2)।

TESS-INDIAর প্রকল্পগুলির জন্য সম্পদ 2 শিক্ষণবিজ্ঞানের মূলনীতিগুলি নির্ধারণ করে এবং সেইসকল পরিবর্তনগুলির (বা নয়া শিখন আন্দোলন) একটি সহায়ক সংক্ষিপ্তসার প্রদান করা ও প্রয়োগ করার জন্য বিষয়বস্তুগুলি পরিকল্পিত হয়েছে।

সম্পদ 3 প্রধান সম্পদগুলির এবং বিভিন্ন OER-গুলির আসল বিষয়বস্তুটি উপস্থাপন করে। এতে ভাষা ও স্বাক্ষরতা, প্রাথমিক বিজ্ঞান, প্রাথমিক ইংরাজী, এবং প্রাথমিক গণিত প্রতিটির ক্ষেত্রে 15টি করে OER-গুলি আছে, একই সাথে ভারতীয় স্কুলগুলিকে তোলা সংশ্লিষ্ট ভিডিওগুলি সহ প্রধান সম্পদসমূহ আছে।

অ্যাক্টিভিটি 2: একটি TESS-INDIA OER দেখা

বিশদভাবে দেখার জন্য একটি TESS-INDIA OER বেছে নিন। যদি সম্ভব হয়, তবে এই অ্যাক্টিভিটিগুলি একজন বরিষ্ঠ সহকর্মীর সাথে করুন। শিক্ষকদের সুনির্দিষ্ট দক্ষতা এবং যোগ্যতা শিখতে সহায়তা করার জন্য OER-গুলি পরিকল্পিত হয়েছে। আপনি TESS-INDIA OER পড়তে থাকার সময়ে, মনোযোগ দিয়ে সম্পদ 4 দেখুন, যেটি OER-এর কার্যামোটির ব্যাখ্যা দেয়। আপনার সহকর্মীর সাথে মিলে, ইউনিটটির প্রতিটি বিভাগে শিক্ষক কী শিখবেন তা সনাক্ত করুন।

TESS-INDIA প্রধান সম্পদগুলি দেখুন। OERটি কোন প্রধান সম্পদগুলির উল্লেখ করে? যদি সম্ভব হয়, সেইসকল TESS-INDIA ভিডিওগুলি দেখুন যেগুলি OER-এর সাথে যুক্ত।

মনে রাখুন যে TESS-INDIA OER-গুলি শিক্ষার্থীদের সম্পূর্ণ পাঠ্যক্রমটিকে অন্তর্ভুক্ত করে না। এগুলি শিক্ষকদের এমন ধারণাগুলি প্রদান করার জন্য পরিকল্পিত যেগুলিকে অন্যান্য বিষয়গুলির ক্ষেত্রে সহজেই ব্যবহার করা বা উপযোগী করে তোলা যেতে পারে।

3 আপনার কোন্ পরিবর্তনগুলিতে নেতৃত্ব দেওয়া উচিত?

এবার আপনি আপনার স্কুলের শিক্ষাদান ও শিক্ষালাভে একটি উন্নতি আনার জন্য আপনার নিরীক্ষা থেকে প্রাপ্ত অন্যতম একটি সমস্যার উপরে নজর দিতে শুরু করবেন। একবারে খুব বেশি পরিবর্তন করার চেষ্টা না করা গুরুত্বপূর্ণ। একবারে, একটি সমস্যার প্রতি নজর দিলে, আপনার সাফল্যলাভের সম্ভাবনা বেশি থাকে।

অ্যাক্টিভিটি 3: উন্নতিকরণের জন্য আপনার লক্ষ্য সনাক্ত করা

সম্পদ 1-এ আপনার দেওয়া উত্তরগুলি এবং TESS-INDIA প্রধান সম্পদসমূহে (সম্পদ 3) প্রদত্ত অভ্যাসগুলির অংশগ্রহণমূলক মূলনীতিগুলির তালিকাটি ব্যবহার করার মাধ্যমে, পরিবর্তনের জন্য একটিমাত্র লক্ষ্যকে সনাক্ত করুন। (উদাহরণস্বরূপ, এটি হতে পারে ‘জুটিবদ্ধ কাজ’ or ‘প্রশ্ন জিজ্ঞাসা করা’।)

আপনি সম্পদ 3-এর সারণীটি থেকে দেখতে পারেন যে কোন কোন TESS-INDIA OER-গুলি এবং ভিডিওগুলি অভ্যাসের প্রতিটি মূলনীতির সাথে যুক্ত আছে যাতে আপনি সবকটি প্রাসঙ্গিক TESS-INDIA সম্পদগুলির সাথে সংযোগ গড়ে তুলতে পারেন। TESS-INDIA OER-গুলির একটি তালিকা প্রস্তুত করুন (ভাষা এবং স্বাক্ষরতা, প্রাথমিক গণিত, প্রাথমিক ইংরাজী, এবং প্রাথমিক বিজ্ঞান) যা

ব্যবহার করে আপনি আপনার স্কুলে শিক্ষাদানের এই পন্থাটি গড়ে তুলতে পারেন।



চিত্র 3 আপনার স্কুলে কী উন্নতি করা প্রয়োজন?

উদাহরণস্বরূপ, আপনি হয়ত জানেন যে ক্লাস নেওয়ার আগে আপনার শিক্ষকরা তাদের পাঠগুলি সম্পর্কে যথেষ্ট চিন্তাভাবনা করেন না এবং সেইজন্য আপনি পাঠগুলির পরিকল্পনা করার উপর লক্ষ্য দেওয়ার বিষয়টি বেছে নেন। এর ফলস্বরূপ, পাঠগুলি যেভাবে সংগঠিত শুধুমাত্র সেই ক্ষেত্রেই উন্নতি হবে না, বরং ব্যবহৃত বিভিন্ন ধরনের শিক্ষণ পদ্ধতি এবং সম্পদসমূহেরও উন্নতি হতে পারে। অথবা, আপনি চাইতে পারেন যে শিক্ষার্থীরা বেশি কথা বলুক (প্রধান সম্পদ ‘শেখার জন্য কথা বলা’ দেখুন), অথবা আপনার স্কুলের শ্রেণিগুলিতে অধিক শিক্ষার্থী থাকতে পারে এবং আপনি এই সিদ্ধান্ত নিতে পারেন যে জুটি বেঁধে (‘জুটিবদ্ধ কাজ ব্যবহার করা’) কাজ করলে তা অধিক শিক্ষার্থী থাকা শ্রেণিগুলিতে আরো কার্যকরভাবে পড়াতে শিক্ষকদের সাহায্য করে।

আপনি আপনার স্কুলে পরিবর্তনের পরিকল্পনা করা এবং নেতৃত্ব দেওয়া এবং আপনার স্কুলে পরিবর্তনগুলি কার্যে পরিণত করা OER-গুলি থেকে পরিবর্তনের নেতৃত্ব দেওয়া সম্পর্কে আরো জানতে পারেন।

এই পর্বাতিতে একটিমাত্র লক্ষ্য বেছে নেওয়া গুরুত্বপূর্ণ। আপনি যদি একবারে খুব বেশি পরিবর্তন করার চেষ্টা করেন, তাহলে পরিবর্তনটি কম কার্যকর হবে। কীভাবে একজন স্কুল প্রধান তার একটিমাত্র লক্ষ্য স্থির করেছিলেন তা দেখার জন্য নিচের কেস স্টাডিটি পড়ুন।

কেস স্টাডি 1: শ্রীমতি চান্ডা তার প্রাপ্ত ফলাফলগুলি সম্পর্কে ভাবেন

এটি একটি প্রাথমিক স্কুলের প্রধান, শ্রীমতি চান্ডার লিখিত একটি শিক্ষা সংক্রান্ত ডায়েরির তথ্য, যিনি তার স্কুলে অ্যাক্টিভিটি 1 এবং 3 চেষ্টা করেছিলেন।

আমি সারণীটি [সম্পদ 1-এ] পূরণ করতে শুরু করেছিলাম এবং স্কুলে প্রকৃতপক্ষে কীরকম পড়ানো হচ্ছে সে সম্পর্কে আমি কীভাবে জানতে পারব তা আমাকে এটি পরীক্ষা করার সুযোগ দিয়েছিল। আমি উপলব্ধি করেছিলাম যে তথ্যটি প্রায়শই বিরতির সময়ে শিক্ষকরা আমাকে যা বলেন তা থেকে, অথবা গতানুগতিক আলোচনা থেকে জানা যায়। এটি আমাকে বোধগুলি সম্পর্কে ভাবিয়েছিল: শিক্ষকদের বোধ কী আমারই মতো, অথবা এমনকি শিক্ষার্থীদেরও?

আমি দেখেছিলাম যে প্রধান সম্পদগুলি আমাকে এই পর্বাটির জন্য একটিমাত্র লক্ষ্যের সন্ধান পেতে উৎসাহিত করেছিল, যেহেতু আমার অজানা অনেক কিছু সেখানে ছিল এবং অনেক কিছু করার ছিল বলে মনে হয়েছিল। আমি বিশ্বাস করি যে শিক্ষার্থীদের প্রশ্ন জিজ্ঞাসা করা তাদের শিক্ষায় সাহায্য করে এবং পাঠগুলিতে কী কী প্রশ্ন জিজ্ঞাসা করা হচ্ছিল তা জানার জন্য আমি স্কুলের চারপাশে হেঁটে বেড়ানোর সিদ্ধান্ত নিয়েছিলাম। পাঠ চলাকালীন করিডর ধরে হেঁটে বেড়ালে, গরমের কারণে দরজাগুলি বন্ধ না থাকায়, কী হচ্ছে তা সহজেই শুনতে পাওয়া যায়। আমি শ্রেণিকক্ষগুলির ভেতরে না ঢোকার সিদ্ধান্ত নিয়েছিলাম, কারণ আমি এই ব্যাপারে উদ্বিগ্ন ছিলাম যে

শিক্ষার্থীরা এবং শিক্ষকরা সে বিষয়ে (এখনও পর্যন্ত) অভ্যস্ত নন - স্কুল প্রধানের প্রবেশের ফলে সাধারণত শ্রেণিকক্ষে যা ঘটে তা বদলে যেতে পারত। তাই আমি শ্রেণিকক্ষগুলির বাইরে থেকে শুনেছিলাম।

আমি যা লক্ষ্য করেছিলাম তা হল অধিকাংশ শ্রেণিকক্ষে, শিক্ষকরা কথা বলছিলেন এবং শিক্ষার্থীরা নীরবে তা শুনছিল। শিক্ষকরা কদাচিৎ প্রশ্ন করেছিলেন এবং শিক্ষার্থীরা সকলে একসাথে সুর করে উত্তর দিয়েছিল। কিন্তু সেখানে কোনো মুক্ত প্রশ্ন ছিল না, বা এমন কোনো প্রশ্ন ছিল না যেখানে যা বলা হয়েছিল তার সাথে শিক্ষার্থীরা ভিন্নমত হতে পারে। শিক্ষার্থীরা সকলে বোর্ডের দিকে মুখ করে সারি দিয়ে বসেছিল, যেখানে শিক্ষক কথা বলছিলেন।

শুধুমাত্র শ্রী মেগানাথনের শ্রেণিটি আলাদা ছিল - আমি তাকে শিক্ষার্থীদের এমন একটি প্রশ্ন করতে শুনেছিলাম যেখানে তাদের তার সাথে ভিন্নমত হতে হয়েছিল এবং তাদের যুক্তিগুলি ব্যাখ্যা করতে হয়েছিল। তারা উত্তর দেওয়ার আগে তিনি তাদের ‘চিন্তা করার সময়ও’ দিয়েছিলেন। আমি শুনতে পেয়েছিলাম যে শিক্ষার্থীরা একে অপরের সাথে প্রশ্নগুলি নিয়ে কথা বলছে এবং, জানালার মধ্য দিয়ে তাকিয়ে, আমি দেখতে পেয়েছিলাম যে তারা একে অপরের দিকে ফিরে বসেছিল এবং জোড় বেঁধে কাজ করছিল।

এটি স্পষ্ট ছিল যে শ্রী মেগানাথনের শ্রেণিতে সুঅভ্যাসের অনুশীলন চলেছিল, কিন্তু আমি জানতাম যে কিন্তু আমি জানতাম একা সকলের সামনে তাঁকে প্রশংসা করে অন্যদের অসন্তুষ্ট করার ব্যাপারে আমার সতর্ক থাকা প্রয়োজন। আমি সিদ্ধান্ত নিয়েছিলাম যে এই পর্বের জন্য আমি ‘প্রশ্ন জিজ্ঞাসা করাকে’ আমার প্রধান উদ্দেশ্য করে তুলব যাতে আমি শ্রী মেগানাথনের অংশগ্রহণমূলক পদক্ষেপটি এবং একই সাথে TESS-INDIA সম্পদসমূহের উদাহরণগুলি দেখাতে পারি।

4 আপনার শিক্ষকদের সাথে কাজ করা

আপনার ভূমিকার একটি অংশ হল আপনার শিক্ষক এবং একই সাথে আপনার শিক্ষার্থীদের জন্য একটি শিক্ষার পরিবেশ সৃষ্টির লক্ষ্যে কাজ করা, যেখানে শিক্ষকদের কাজ করার নতুন পন্থাগুলি পরখ করা এবং নতুন দক্ষতাগুলি গড়ে তোলার জন্য উৎসাহিত করা হয়। শিক্ষকদের কাছে এটি করা কষ্টকর মনে হবে যদি পুরাতন অভ্যাসগুলি থেকে বেরিয়ে আসার জন্য আপনি তাদের সমর্থন এবং নিরাপত্তার অনুভূতি দিতে না পারেন।

কাজ করার মাধ্যমে শিক্ষালাভের এই তত্ত্বটিকে প্রচার করার জন্য একটি স্কুলের কয়েকজন বরিষ্ঠ শিক্ষক যা করেছিলেন তার কিছু ধারণা এখানে দেওয়া হল:

শিক্ষাদানের পদক্ষেপগুলি আলোচনা করার একটি পন্থা হিসাবে অন্যান্য স্কুলগুলির শ্রেণিকক্ষের অনুশীলন সংক্রান্ত ভিডিওগুলি দেখুন।

শিক্ষকরা কিছু পরথ করার চেষ্টা করলে 'শিক্ষাদান সংক্রান্ত পরীক্ষা-নিরীক্ষাগুলিতে' উৎসাহ দিন এবং পরে সকলে মিলে এটি নিয়ে আলোচনা করুন।

ধারণাগুলি বিনিময় করতে উৎসাহ দিন এমনকি যদি সেগুলি অসম্পূর্ণ বা 'ভুল' হয় সেক্ষেত্রেও। বিশেষ করে নবীন শিক্ষকদের কাছ থেকে এলে যাদের কথা হয়ত তুলনায় বরিষ্ঠ কর্মচারীরা শোনেন না, তাদের গ্রহণ করুন।

পরিবর্তন সম্পর্কে চিন্তাভাবনা করতে শিক্ষকদের জন্য কিছুটা সময় সুরক্ষিত রাখুন, যেমন সময়সূচি পুনরায় সাজিয়ে যাতে কোনো একদিন বিকালে শিক্ষার্থীরা চলে যাওয়ার পরে সেটিতে একটি সময় নির্দিষ্ট করা হয়।


শিক্ষার্থীদের একে অপরের ফটো বা ভিডিও তুলতে বলুন এবং কাজের বিভিন্ন পদক্ষেপগুলির বর্ণনা দেওয়ার জন্য সেগুলি আদানপ্রদান করুন।

ভিডিও: বিদ্যালয়ের নেতৃত্ব – শিক্ষকদের নেতৃত্ব দেওয়া



আপনার লক্ষ্য সনাক্ত হয়ে যাওয়ার পরে, আপনার পরিকল্পনাটিতে আপনার শিক্ষকদেরকে যুক্ত করা প্রয়োজন। আপনার যদি একজন সহকারী শিক্ষক থাকেন বা অন্যান্য বরিষ্ঠ কর্মচারী থাকেন, তাহলে তারা যাতে আপনার সাথে কাজ করেন সেইজন্য আপনি কীভাবে তাদের সাথে কথাবার্তা শুরু করতে পারেন সে সম্পর্কে চিন্তাভাবনা করুন। অ্যাক্টিভিটি 4 এবং 5 এগিয়ে যাওয়ার কিছু পন্থার পরামর্শ দেয়।

অ্যাক্টিভিটি 4: আপনার শিক্ষকদের সামিল কর।



চিত্র 4 একজন স্কুল প্রধানকে অবশ্যই তার শিক্ষকদের যুক্ত করতে হবে।

আপনার সহকারী বা অন্য একজন বরিষ্ঠ শিক্ষকের সাথে কাজ করে, আপনার স্কুলে শিক্ষাদান ও শিক্ষালাভের উন্নতির একটি লক্ষ্য সম্বন্ধে আপনার ধারণা বিনিময় করুন। 60টি উপলব্ধ OER মনোযোগ সহকারে দেখুন। মনে রাখুন, অ্যাক্টিভিটিগুলি সহজেই অন্যান্য বিষয় ক্ষেত্রগুলির জন্য উপযোগী করে তোলা যেতে পারে, এবং এটিই হয়ত আপনার করার প্রয়োজন হতে পারে। তবে, প্রথমে আপনার TESS-INDIA OER-গুলি এবং সেগুলির পদক্ষেপগুলির সাথে পরিচিত হওয়া উচিত।

একসাথে, আপনার শিক্ষকরা কীভাবে TESS-INDIA OER-গুলি পেতে পারবেন এবং আপনি কীভাবে তাদের সাথে OER-গুলির পরিচয় করিয়ে দেবেন সে সম্পর্কে চিন্তাভাবনা করুন। স্কুল প্রধানদের কাছ থেকে প্রাপ্ত কিছু ধারণা এখানে দেওয়া হল:

একটি সুনির্দিষ্ট পদক্ষেপ সম্পর্কে
একটি আলোচনার সূত্রপাত
করতে **ভিডিও**টি ব্যবহার
করুন।

শিক্ষকদের একটি **ঘটনা সমীক্ষা**
পড়তে বলুন এবং তারা নিজেরা
হয়ত কী করতেন সে সম্পর্কে জোড়
বেঁধে আলোচনা করতে বলুন।

সূচনা বিন্দু হিসাবে **প্রধান সম্পদগুলি**
ব্যবহার করুন এবং শিক্ষকদের তাদের
নিজদের শ্রেণিকক্ষে কতগুলি ধারণা পরখ
করতে বলুন।

শিক্ষকদের শ্রেণিকক্ষের
অ্যাক্টিভিটিগুলি করতে
বলুন।

পর্বটির জন্য পরিবর্তন আনার উপরে মনোনিবেশ করতে আপনার শিক্ষকদের আপনি কীভাবে যুক্ত করবেন তা এখন বিবেচনা করুন: একটি কর্মচারীদের মিটিংয়ের বা একটি প্রশিক্ষণ কর্মশালার অংশ হিসাবে? পরিবর্তন আনার প্রয়োজন সম্পর্কিত আপনার 'গল্প' সম্পর্কে ভাবুন। মনে রাখুন যে শিক্ষকদের তাদের অভ্যাসগুলি পরিবর্তন করতে *আদেশ* না দিয়ে বরং তাদেরকে রাজি করাতে হবে এবং সমর্থ করতে হবে। আপনি বলতে পারেন এমন কতগুলি কথা হল:

দেখা যাক শিক্ষার্থীদের উপকার হয় কিনা।

আমি স্কুলের একটি সংক্ষিপ্ত নিরীক্ষা করেছিলাম এবং দেখতে পেয়েছিলাম যে কতগুলি শ্রেণি ইতিমধ্যেই এটি করছে।

এটি কাউকে দোষারোপ করা বা আপনি খারাপ কাজ করছেন তা বলার জন্য নয়।

আমি চাই আমরা একসাথে এটি নিয়ে কাজ করি।

আপনি কীভাবে এগিয়েছিলেন সে সম্পর্কে আপনার গল্পগুলি আমি শুনতে চাই।

NCF আমাদের ... করতে বলে এবং আমরা এটি আমাদের স্কুলে কীভাবে করতে পারি সে সম্পর্কে আপনার ধারণাগুলি নিয়ে আমি আলোচনা করতে চাই।

এই পর্বে আপনার শিক্ষকরা কোন বিষয়গুলি পড়াতে মনস্থ করেছেন তা জানার মাধ্যমে এবং বিষয়টির সাথে প্রাসঙ্গিক ও আপনার বেছে নেওয়া পদক্ষেপটি প্রদর্শন করে এমন একটি OER খুঁজে বার করার মাধ্যমে OER-গুলি নির্বাচন করায় আপনি কীভাবে তাদের যুক্ত করতে পারেন তা ভাবুন। আপনি একটি হ্যান্ডআউট হিসাবে সম্পদ 3 বিতরণ করতে পারেন বা এটিকে আপনার অফিসের দেওয়ালে লাগিয়ে রাখতে পারেন।

যদি আপনি পারেন, তাহলে একটি TESS-INDIA ভিডিও দেখান এবং এটি কোন আলোচনাগুলির সূচনা করতে পারে সে সম্পর্কে চিন্তাভাবনা করুন। আপনি কোন প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে পারেন অথবা আপনি আপনার শিক্ষকদের কোন অ্যাক্টিভিটিগুলি করতে বলতে পারেন? আপনি যে প্রশ্নগুলি পেতে পারেন সেগুলি সম্পর্কে আগে থেকে চিন্তাভাবনা করুন। 'সম্ভাব্য সমস্যাগুলি' সম্পর্কিত সম্পদ 5 পড়ুন যাতে আপনার শিক্ষকরা যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করবেন সেগুলির উত্তর দেওয়ার জন্য আপনি প্রস্তুত থাকেন।

আপনি ধারণাটির সাথে পরিচয় করিয়ে দেওয়ার পরে, আপনার শিক্ষকদের জন্য আপনি একটি সহজ কাজ নির্দিষ্ট করতে পারেন। আপনি তাদের একে অপরের 'বন্ধু' সেজে, জুটি বেঁধে কাজ করতে বলতে পারেন। OER ব্যবহার করে তাদের একসাথে শিক্ষার অ্যাক্টিভিটিগুলি প্রস্তুত করতে এবং তারপর একে অপরকে পর্যবেক্ষণ করতে বলুন। তাদের পাঠগুলির সময়সূচি প্রস্তুত করতে হবে এবং তারা যখন একে অপরকে পর্যবেক্ষণ করবে তখন তাদের শ্রেণিগুলিকে পড়ানোর প্রস্তাব দিয়ে আপনি সাহায্য করতে পারেন।

5 একটি অংশগ্রহণমূলক পদক্ষেপ বজায় রাখা

আপনি অ্যাক্টিভিটি 4-এর পরামর্শটি ব্যবহার করুন বা না করুন অথবা আপনার শিক্ষকদের জন্য একটি বিকল্প পরিকল্পনা করুন বা না করুন, কী হচ্ছে তার উপর আপনার নজর রাখা প্রয়োজন এবং আপনার অভীষ্ট প্রকল্পটি পরিকল্পনা অনুসারে গড়ে উঠছে কিনা তা মূল্যায়ন করা প্রয়োজন(চিত্র 2-এর ধাপ 5)। এই ধরনের নজর রাখার এবং মূল্যায়ন করার অ্যাক্টিভিটিগুলি, এরপরে কী করতে হবে তাও জানাতে পারে এবং আপনাকে সুঅভ্যাসগুলি শনাক্ত করার অথবা আপনার পরিকল্পনাগুলি পরিমার্জিত এবং উপযোগী করে তোলার সুযোগ দিতে পারে।

আপনি কয়েকজন শিক্ষকের সাথে একটি শিক্ষাদানের ভূমিকাও নিতে পারেন, অথবা এটি করতে পারবেন এমন অন্য কাউকে এই কাজটির দায়িত্ব দিতে পারেন। (এই পদক্ষেপটি সম্পর্কে আপনি যদি আপনার জ্ঞান ঝালিয়ে নিতে চান তাহলে সেক্ষেত্রে বিস্তৃত পরামর্শদান এবং শিক্ষাদান সম্পর্কিত অন্য একটি নেতৃত্বদান সংক্রান্ত ইউনিট আছে।)

কেস স্টাডি 2: শ্রীমতি চান্ডার পর্যবেক্ষণ এবং মূল্যায়ন

শিক্ষকরা তাদের অভ্যাসগুলি গড়ে তোলা এবং TESS-INDIA OER-গুলি ব্যবহার করার ব্যাপারে কীভাবে এগিয়ে যাবেন তা জানতে আমি খুবই উৎসুক ছিলাম। আমি শিক্ষকদের আমার সাথে ও অন্যান্যদের সাথে তাদের অভিজ্ঞতা সম্পর্কে কথা বলতে উৎসাহিত করেছিলাম, যা কাজগুলি কেমন এগোচ্ছিল সে সম্পর্কে আমাকে কিছু অন্তর্দৃষ্টি দিয়েছিল। এখন আমি যখনই স্কুলের চারপাশে হেঁটে বেড়াই, তখনই কী প্রসঙ্গে কথা হচ্ছে এবং শ্রেণিকক্ষগুলিতে কে কথা বলছে তা শোনার চেষ্টা করি।



চিত্র 5 শ্রেণিকক্ষগুলিতে কে কথা বলছে?

কয়েক সপ্তাহ ধরে, আমি লক্ষ্য করেছিলাম যে শ্রীমতি চক্রকোড়ির শ্রেণিকক্ষের সূক্ষ্ম পরিবর্তন ঘটে চলেছিল। তিনি ইতিমধ্যেই তার শিক্ষার্থীদের মনের দ্বার খুলে দেওয়ার জন্য প্রশ্নের সাহায্য নিয়েছিলাম এবং এরপর তাদের অভ্যাসগুলি গড়ে তোলার জন্য OER-গুলি ব্যবহার করতে অন্য একজন শিক্ষকের সাথে কাজ করছিলেন, এবং তারা আমাকে বলেছিলেন যে এটি ভালভাবে এগোচ্ছিল। সূক্ষ্ম পরিবর্তনটি এই ছিল যে তিনি এক গুচ্ছ প্রশ্ন প্রস্তুত করেছিলেন যেগুলি তার শিক্ষার্থীদের ‘তারা কী জানত’ এবং ‘তারা কেন নিশ্চিত ছিল’ এই সম্পর্কে চিন্তাভাবনা করিয়েছিল।

আমি শ্রীমতি চক্রকোড়িকে জিজ্ঞাসা করেছিলাম যে কী পরিবর্তন হয়েছিল। তিনি বলেছিলেন যে তিনি প্রকৃতপক্ষে তার সমস্ত পাঠে তার

প্রশ্ন জিজ্ঞাসা করার কৌশলগুলির উপরে কাজ করার চেষ্টা করছিলেন। কিন্তু তিনি লক্ষ্য করেছিলেন, যে সকল ভাল প্রশ্নগুলি তাকে সাহায্য করবে সেগুলি সম্পর্কে চিন্তাভাবনা করা এবং শিক্ষার্থীরা কী জানত সে সম্পর্কে শিক্ষার্থীদের মূল্যায়ন করা, পড়ানোর মাঝপথে কঠিন ছিল। তাই প্রতিটি পাঠ শুরু হওয়ার আগে সম্ভাব্য প্রশ্নগুলি তিনি লিখে নিতে শুরু করেছিলেন। কোন ধরনের প্রশ্নগুলি সবচেয়ে ভালভাবে কাজ করেছিল তা তিনি ইতিমধ্যেই নির্ধারণ করেছিলেন।

আমি একটি মন্তব্য লিখেছিলাম যে পরের কর্মচারী মিটিংয়ে আমাকে শ্রীমতি চক্রকোড়ি এবং অন্যান্যদের তাদের কিছু সেরা প্রশ্ন সম্পর্কে জিজ্ঞাসা করতে হবে যাতে অন্যান্যরা তা গ্রহণ করতে পারেন।

এই কেস স্টাডিটি দেখায় যে কীভাবে স্কুল প্রধান শুধুমাত্র কী হচ্ছে তা পর্যবেক্ষণ করছেন না, বরং আরো ব্যাপকভাবে নতুন পদক্ষেপগুলি যাতে গ্রহীত হয় সে ব্যাপারে উৎসাহদান করে, সুঅভ্যাসগুলির যাতে আদানপ্রদান ঘটে তাও সুনিশ্চিত করছেন। পরের অ্যাক্টিভিটিটি আপনার অভীষ্ট প্রকল্প এগিয়ে নিয়ে যাওয়ার প্রেরণা বজায় রাখতে আপনাকে সাহায্য করার লক্ষ্য নেয়।

অ্যাক্টিভিটি 5: আপনার শিক্ষকদের জন্য পরবর্তী কাজগুলি নির্ধারণ করা

আপনার পরবর্তী কর্মচারী মিটিং এবং অগ্রগতি পর্যালোচনা করার জন্য আপনি কীভাবে এটিকে ব্যবহার করতে পারেন সে সম্পর্কে চিন্তাভাবনা শুরু করুন এবং আপনার ও আপনার শিক্ষকদের জন্য পরবর্তী কাজ এবং লক্ষ্যগুলি নির্ধারণ করুন। আপনি কীভাবে মিটিংটির জন্য প্রস্তুতি নিতে পারেন যাতে আপনি সর্বাধিক ফল লাভ করেন এবং শিক্ষকরা আপনার সাথে শুধুই কথা না বলেন সে সম্পর্কে চিন্তাভাবনা করুন।

আপনি শিক্ষকদের তাদের অভিজ্ঞতাগুলি আলোচনা করার জন্য জুটি বা ছোট দল বেঁধে কাজ করতে বলতে পারেন। সম্পদ 6-এ কিছু প্রশ্ন আছে যা আপনি ব্যবহার করতে পারেন।

আপনি আশেপাশের সকলের প্রশংসা করার প্রতি যত্নশীল হয়ে সুঅভ্যাস সম্পর্কিত আপনার পর্যবেক্ষণগুলি বিনিময় করতে পারেন। শিক্ষকদের নিজেদের সাফল্যের গল্পগুলি বিনিময় করার আমন্ত্রণ জানানো যেতে পারে। এমনকি আপনি শিক্ষার্থীদের কাছ থেকে প্রাপ্ত মতামতগুলিকেও অন্তর্ভুক্ত করার কথা চিন্তাভাবনা করতে পারেন (কাহিনী নির্ভর বা একটি সমীক্ষার মাধ্যমে)।

আপনার শিক্ষাদানের লক্ষ্যে তাদের দক্ষতাগুলি আরো গড়ে তোলার জন্য শিক্ষকরা কী করতে পারেন সে সম্পর্কে চিন্তাভাবনা করুন। তাদের আর অন্য কী সহায়তা প্রয়োজন আছে? এমন আর কোনো TESS-INDIA OER-গুলি আছে কি যা সাহায্য করতে পারে? আপনার কাছে কিছু ধারণা প্রস্তুত থাকা উচিত, কিন্তু তাদের দেওয়া পরামর্শগুলি মন দিয়ে শুনুন এবং এরপরে একসাথে কী করার আছে সে সম্পর্কে সিদ্ধান্ত নিন।

আলোচনা

আপনার এবং অন্যান্য শিক্ষকদের দ্বারা তাদের পড়ানোর স্বীকৃতি পেলে আপনার কর্মচারীরা খুশি হবেন। অগ্রগতি সংক্রান্ত একটি মিটিংয়ের আয়োজন করার মাধ্যমে আপনি যে কোনো ইতিবাচক পরিবর্তনগুলিকে স্বীকৃতি দিতে পারেন, যে কোনো সমস্যাকে কেন্দ্র করে করতে পারেন এবং আপনার কর্মচারীদের যুক্ত রাখতে পারেন। উদ্যমী এবং অস্বীকারবদ্ধ কর্মচারীদের সকলের সামনে প্রশংসা করা উচিত। কিন্তু মনে রাখুন যে কিছু কর্মচারী অন্যান্যদের তুলনায় বেশি আত্মবিশ্বাসী হবেন, তাই ছোটখাট পরিবর্তনগুলির জন্যও আপনার প্রশংসা করা এবং অতিরিক্ত সহায়তা প্রদান করা উচিত। মনে রাখুন আপনি এমন অংশগ্রহণমূলক পদক্ষেপগুলির নমুনা গড়ে তুলছেন যেখানে আপনি ধারণা এবং অভিজ্ঞতাগুলি বিনিময়কে গুরুত্ব দেন।

পরের ধাপটিতে সুঅভ্যাস সংহত করে তোলা হয়। পরের কেস স্টাডিতে, স্কুল প্রধান শ্রীমতি চাক্রা তার স্কুলে পরিবর্তনগুলি প্রবর্তন করার জন্য কীভাবে অগ্রসর হয়েছিলেন সে সম্পর্কে ভাবেন।

কেস স্টাডি 3: শিক্ষায় সহায়তা করার জন্য প্রশ্ন জিজ্ঞাসা করার সাহায্য নেওয়া একটি দৈনন্দিন অভ্যাসে পরিণত হয়

শ্রীমতি চাড্ডাকে জিজ্ঞাসাবাদ করা হয়েছিল যে তিনি কীভাবে তার স্কুলে পরিবর্তন সাধিত করেছিলেন। এখানে তিনি যে সকল চ্যালেঞ্জগুলির সম্মুখীন হয়েছিলেন সেগুলি সম্পর্কে এবং তার কিছু কার্যকৌশল সম্পর্কে কথা বলেন।

সত্যি বলতে কী, আমি দেখেছি যে কোনো প্রকল্পের সবচেয়ে চ্যালেঞ্জপূর্ণ দিকটি হল পরিবর্তন সাধন করা। এটিকে বাদ দিয়ে যাওয়া এবং পরের প্রকল্পটির দিকে এগিয়ে যাওয়া খুবই সহজ। আমি মনে করেছিলাম যে এটি করা থেকে নিজেকে বিরত রাখার একমাত্র উপায় হল পরিবর্তনগুলি সাধন করার জন্য একটি পরিকল্পনা লেখা, সাথে পর্যালোচনার তারিখ যুক্ত করা, এবং এটিকে আমার ডায়েরিতে রেখে দেওয়া।

আমি খুশি ছিলাম যে সমস্ত শিক্ষক তাদের শিক্ষাদানে কিছু কিছু পরিবর্তন করেছিলেন, এবং আমি শুনতে পেয়েছিলাম যে শিক্ষায় সাহায্য করতে শ্রেণিকক্ষে আরো বেশি করে প্রশ্ন জিজ্ঞাসা করা চলেছিল। আরো বেশি করে নানা ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করা হতো এবং শিক্ষার্থীদের সেগুলির উত্তর দেওয়ার জন্য আরো বেশি করে সময় দেওয়া হতো। কিছু শিক্ষক তাদের অনেক পাঠ্যই গুরুত্বপূর্ণ পরিবর্তনগুলি করছিলেন; অন্যান্যরা প্রায়শই তাদের সহকর্মী বা আমার দ্বারা প্রণোদিত হওয়ার কারণে একটি OER থেকে মাঝেমধ্যে অ্যাক্টিভিটিগুলি করেছিলেন।

আমি নিজে শ্রেণিগুলিকে পড়াই না, কিন্তু যে সকল শিক্ষকরা একে অপরকে পর্যবেক্ষণ করতে যাচ্ছিলেন, আমি তাদের ক্লাসগুলি নিচ্ছিলাম। এইরকম বেশ কয়েকটি ঘটনার পরে আমি উপলব্ধি করেছিলাম যে আমার পড়ানোর অভ্যাস ঝালিয়ে নেওয়ার এটি একটি সুযোগ যেহেতু আমার শিক্ষাদানের বিশেষজ্ঞতাটি ছিল স্বাক্ষরতা, তাই আমি অন্য একজন শিক্ষকের সাথে ভাষা ও স্বাক্ষরতা সংক্রান্ত ইউনিট শ্রেণিকক্ষে বহুভাষিকতা থেকে একটি অ্যাক্টিভিটি ব্যবহার করেছিলাম। কাজটি যে কতটা চ্যালেঞ্জপূর্ণ ছিল এবং এটি সামাল দেওয়ার জন্য শিক্ষকরা কতটা পরিবর্তনশীল ছিলেন, এটি আমাকে সেই উপলব্ধি দিয়েছিল।

গতি বজায় রাখতে, আমি এবার পরবর্তী দুটি পর্বের জন্য কর্মপরিকল্পনা নির্ধারণ করেছি:

- অগ্রগতি সম্পর্কে আলোচনা করার জন্য মাসিক ভিত্তিতে কর্মচারীদের মিটিং
- যৌথ অ্যাক্টিভিটিগুলির জন্য পরিকল্পনা করতে শিক্ষকদের একত্রে কাজ করতে পারার সময়
- শিক্ষকদের একে অপরের কাজ পর্যবেক্ষণ করতে যাওয়ার সময়গুলি (আমি নিশ্চিত যে এগুলির পরিবর্তন ঘটবে, কিন্তু অন্ততপক্ষে একটি পরিকল্পনা স্থির করা আছে)
- একজন শিক্ষকের দ্বারা উপস্থাপিত সাপ্তাহিক দশ- মিনিটের উপস্থাপনা তারা কী নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করছেন সে সম্পর্কে কথা বলবেন।

আমি অগ্রগতির উপরে নজর রেখে চলব।

যে কোনো পরিবর্তনের ক্ষেত্রে যে গুরুত্বপূর্ণ জিনিসগুলির শনাক্ত প্রয়োজন:

- এবং যা শেখা হয়েছে তা উপভোগ করা
- কী কী অসুবিধা ছিল
- কীভাবে অসুবিধাগুলি অতিক্রম করা হয়েছিল
- কী শিক্ষালাভ হয়েছিল।

অ্যাক্টিভিটি 6: উপভোগ কর এবং ভাবা



চিত্র 6 আপনার কাজগুলি উদযাপন করা এবং সেই সম্পর্কে ভাবা উচিত।

আপনার পর্বটির সমাপ্তিতে, শিক্ষাদান ও শিক্ষালাভের ক্ষেত্রে অতীষ্ট বিষয়টির উপরে করা কঠিন কাজগুলি উদযাপন করা এবং স্বীকৃতি দেওয়ার জন্য আপনি একটি মিটিংয়ের আয়োজন করতে পারেন। এটির জন্য প্রস্তুতি নিতে আপনি আপনার শিক্ষা সংক্রান্ত ডায়েরি ফিরে দেখতে পারেন এবং আপনি কোথা থেকে শুরু করেছিলেন তা নিজেকে স্মরণ করিয়ে দিতে পারেন। এই মিটিংটি একটি শুষ্ক বিষয় হয়ে ওঠা উচিত নয় বরং পরস্পর আলোচনামূলক এবং অংশগ্রহণমূলক হয়ে ওঠা উচিত।

আপনি ‘ধারণা সম্বলিত দেওয়াল’ ব্যবহার করার চেষ্টা করতে পারেন। এটি দেওয়ালের একটি স্থান যেখানে ব্যক্তির ধারণাগুলি মাথায় এলে সেগুলিকে লিখে রাখতে পারেন, অন্যরা কী লিখেছেন তা দেখতে পারেন এবং অন্যান্যদের মন্তব্যগুলির সাথে সংযোজন করতে পারেন। এটির সময়ের সাথে সাথে গড়ে ওঠার এবং প্রত্যেককে যুক্ত করার সুবিধা আছে। শিক্ষকদের মন্তব্য করতে প্রণোদিত করতে, উদাহরণস্বরূপ আপনি একটি বোর্ডে কাগজের বড় টুকরো লাগিয়ে দিতে পারেন বা সংক্ষিপ্ত টীকাগুলি পিন দিয়ে আটকে দিতে পারেন, নিম্নলিখিত শিরোনামগুলির নিচে দেওয়া হল:

- ‘আমি কী শিখেছি’
- ‘আমার শিক্ষাদানের অভ্যাসের পরিবর্তনগুলি’
- ‘আমার শিক্ষার্থীদের শিক্ষালাভের আচরণের পরিবর্তনগুলি’
- ‘আমার শিক্ষার্থীদের শিক্ষালাভের ফলাফলের পরিবর্তনগুলি’
- ‘চ্যালেঞ্জগুলি’

এটি একটি মজাদার এবং প্রাণশক্তিতে ভরা অ্যাক্টিভিটি হওয়া উচিত, যেখানে কর্মচারীরা বসে না থেকে বরং ‘ধারণা সম্বলিত দেওয়ালটির’ (যেটি একটি ব্ল্যাকবোর্ড বা কাগজের একটি বড় পাতা হতে পারে) চারপাশে জমায়েত হয়ে দাঁড়িয়ে থাকেন।

আপনার শিক্ষকবন্ধু দলটি যদি বড় হয়, তাহলে আপনি বিভিন্ন দেওয়ালে বিভিন্ন বিষয়গুলি রাখতে পারেন এবং শিক্ষকবন্ধুদের চারপাশে হেঁটে কাগজের পাতাগুলির উপরে তাদের মন্তব্যগুলি লিখতে, এবং তারপর প্রতিটি পাতা নিয়ে সবাই মিলে আলোচনা করতে বলতে পারেন। আপনার কাছে যদি পোস্ট-ইট নোটগুলি থাকে, তাহলে আপনি শিক্ষকবন্ধুদের সেগুলির উপরে লিখতে এবং তারপর সেগুলিকে যথাযথ কাগজের পাতাটির উপরে এঁটে দিতে বলতে পারেন। অপর একটি প্রকারভেদ হতে পারে কাগজের টেবিলক্লথ ব্যবহার করা এবং শিক্ষকবন্ধুদের এক টেবল থেকে অপর টেবিলে সরে গিয়ে, দল বেঁধে বসে সেগুলির উপরে লিখতে বলা।



চিত্র 7 আপনার শিক্ষকদের দেওয়া ধারণাগুলি করায়ত্ত করা।

যে কোনো জটিল চিন্তাভাবনার কার্যকলাপের মতো, আপনার এটির সারসংক্ষেপ করতে পারা এবং অবদানগুলিকে স্বীকৃতি দিয়ে পরিশেষে এটির সারসংক্ষেপ করা ও একত্রিত করা প্রয়োজন। এর পরে আপনি ডিসপ্লেগুলি প্রদর্শন করে রাখতে পারেন, বা ভবিষ্যতের তথ্যসূত্রের জন্য সেগুলিকে টাইপ করে রাখতে পারেন।

আলোচনা:

আপনার পর্বের অভীষ্ট প্রকল্পটির সাফল্যগুলিকে করায়ত্ত করা গুরুত্বপূর্ণ। এটি করার অর্থ হল:

- অগ্রগতিটি সকলের স্বীকৃতি পায়
- স্বতন্ত্র ব্যক্তির নিজের কৃতিত্বের জন্য স্বীকৃতি পান।

এটি একটি প্রথাগত মিটিং না হয়ে একটি মজাদার অ্যাক্টিভিটি হতে পারে যেখানে ভাল থাকা এবং সহকর্মীদের মধ্যে সমকর্তৃবোধের একটি অনুভূতি গড়ে ওঠে। আদর্শ ক্ষেত্রে, আপনি কথা বলার তুলনায় বেশি শুনবেন। এরপর আপনি যা শুনেছেন তা গ্রহণ করতে পারেন এবং আপনার স্কুলে কীভাবে আরো অংশগ্রহণমূলক শিক্ষাদান সক্ষম করে তোলা যায় তা পরিকল্পনা করার জন্য তথ্যটিকে ব্যবহার করতে পারেন।

6 সারসংক্ষেপ

চিত্র 2-এ বর্ণিত প্রক্রিয়াটির মধ্য দিয়ে এই ইউনিটটি আপনাকে নিয়ে গেছে। আপনি এখন প্রাথমিক স্কুলের শিক্ষকদের জন্য TESS-INDIA OER-গুলির সাথে পরিচিত আছেন, এবং সেগুলি কীভাবে সংগঠিত হয়েছে এবং আপনার ব্যবস্থাপনায় আপনি কোন উপাদানগুলিকে গ্রহণ করতে ও ব্যবহার করতে পারেন তা বোঝেন। OER-গুলি স্বতন্ত্রভাবে থাকে এবং সামগ্রিকভাবে পড়া যেতে পারে, কিন্তু এর মধ্যে আপনি উপলব্ধি করবেন যে সুনির্দিষ্ট চাহিদাগুলি পূরণের জন্য সেগুলিকে সুবিধামতো ব্যবহার করা যেতে পারে।

আপনি আপনার স্কুলে যে ধরনের শিক্ষাদান ও শিক্ষালাভ হতে দেখতে চান, সেই বিষয়ে আপনার একটি সুদৃঢ় দৃষ্টিও থাকতে পারে। আপনি যে ধরনের আচরণগুলি পেতে চান আপনি যদি সেগুলির দৃষ্টান্ত হয়ে ওঠেন এবং কাজের নতুন পন্থাগুলি নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করতে আপনার কর্মচারীদের সহায়তার হাত বাড়িয়ে দেন তাহলে আপনার উদ্দীপনা তাদের মধ্যেও সঞ্চারিত হবে।

আপনার শিক্ষকদের উন্নয়নে এবং সহায়তা করতে আপনাকে ব্যবহারিকভাবে মাধ্যমগুলি প্রদান করে TESS-INDIA OER-গুলি আপনার স্কুলে শিক্ষাদান ও শিক্ষালাভের রূপান্তর ঘটাতে আপনাকে সহায়তা করতে পারে।

সম্পদসমূহ


সম্পদ 1: শিক্ষার্থী-কেন্দ্রিক শিক্ষাদান ও শিক্ষালাভ সংক্রান্ত নিরীক্ষা

সারণি R1.1 শিক্ষার্থী-কেন্দ্রিক শিক্ষাদান ও শিক্ষালাভের জন্য নিরীক্ষা।

বিবৃতি	সংশ্লিষ্ট প্রধান সম্পদ	আমার স্কুলে এটি কী মাত্রায় ঘটেছে? (কখনোই নয়, মাঝেমধ্যে, কখনো কখনো, সর্বদা)	যে স্থানে এগুলি ঘটেছে সেগুলির উদাহরণ (শিক্ষক, শ্রেণি, বিবরণ)
শিক্ষকরা এমন পাঠগুলির পরিকল্পনা করেন যাতে শিক্ষাদান ও শিক্ষালাভের নানাবিধ পদক্ষেপগুলি যুক্ত থাকে।	‘পাঠগুলির পরিকল্পনা করা’		
শিক্ষকরা তাদের শ্রেণিকক্ষে গঠনমূলক মূল্যায়নের সাহায্য নেন।	‘অগ্রগতি ও কার্যকারিতা মূল্যায়ন’		
শিক্ষকরা শিক্ষার্থীদের কাজের উপর নজর রাখেন এবং স্বতন্ত্রভাবে মৌখিক ও লিখিত মতামত প্রদান করেন।	‘পর্বেবেক্ষণ করা ও মতামত দেওয়া’		
শিক্ষকরা শিক্ষার্থীদের শিক্ষায় আগ্রহী করে তুলতে গল্প বলা, চরিত্রে অভিনয় করা এবং নাটকের সাহায্য নেন।	‘গল্প বলা, গান, চরিত্র অভিনয় এবং নাটক’		
শিক্ষকরা শিক্ষায় সহায়তা করার জন্য পরিচিত স্থানীয় সম্পদগুলি ব্যবহার করেন এবং শিক্ষাটিকে দৈনন্দিন জীবনের সাথে সম্পর্কযুক্ত করেন।	‘স্থানীয় সম্পদগুলি ব্যবহার করা’		
শিক্ষকরা নানাবিধ মুক্ত প্রশ্নগুলি জিজ্ঞাসা করেন যা শিক্ষার্থীদের ব্যাখ্যা দেওয়ার এবং তাদের মতামতগুলি জানানোর সুযোগ দেয়।	‘চিন্তা করতে উৎসাহিত করার জন্য প্রশ্ন জিজ্ঞাসা করা’		
শিক্ষকরা শিক্ষার্থীদের একটি পুরো শ্রেণি হিসাবে, জুটি বা দল বেঁধে, একযোগে তাদের শিক্ষা সম্পর্কে কথা বলতে উৎসাহ দেন।	‘শেখার জন্য কথা বলা’		
শিক্ষকরা সকল শিক্ষার্থীকে সক্রিয়ভাবে পাঠগুলিতে যুক্ত করেন।	‘সকলকে জড়িত করা’		

সম্পদ 2: শিক্ষণবিজ্ঞানের মূলনীতি

TESS-INDIA স্কুল এবং শিক্ষকদের জন্য রূপান্তরমূলক পরিবর্তন সাধন করার লক্ষ্য নেয়। শিক্ষকদের উন্নতিকরণ সংক্রান্ত OER-গুলি জাতীয় নীতির লক্ষ্যগুলির সাথে সঙ্গতিপূর্ণ। TESS-INDIA-এর মূলে আছে একজন সক্রিয় শিক্ষাগ্রহণকারী হিসাবে শিক্ষার্থী এবং তাদের শিক্ষায় প্রতিনিধি হিসাবে শিক্ষক। TESS-INDIA OER-গুলি শিক্ষা এবং শিক্ষার্থীর সম্পর্কে অনুমান করার অধিক গতানুগতিক অভ্যাস এবং স্বভাবগুলি থেকে শিক্ষকদের আরো ক্ষমতাপ্রদানকারী অভ্যাসগুলির দিকে সরিয়ে আনার লক্ষ্য নেয়। সেগুলি শিক্ষকদের নিজেদের অভ্যাসে তাদের শিক্ষা প্রয়োগ করার জন্য ধারণা এবং মাধ্যমগুলি প্রদান করে, তাদের দক্ষতাগুলিকে সম্প্রসারিত করে এবং শিক্ষার উদ্দেশ্যগুলি সম্পর্কে তাদের ধারণাকে রূপান্তরিত করে। শিক্ষক পরিবর্তনের মডেলটি সক্রিয় পরীক্ষা-নিরীক্ষা সম্পর্কিত এবং এটি শিক্ষকদের ভুল করার এবং তাদের নিজেদেরকে চ্যালেঞ্জ জানানোর মাধ্যমে আনন্দলাভ করা ও অনুপ্রাণিত হওয়ার গুরুত্বটি উপলব্ধি করে। চিত্র R2.1-এ TESS-INDIA শিক্ষক উন্নতিকরণ OER-গুলি দ্বারা প্রচারিত শিক্ষণবিজ্ঞান ভিত্তিক পরিবর্তনের (বা শিক্ষার অপসারণ) সারসংক্ষেপ দেওয়া হয়েছে।



চিত্র R2.1 TESS-INDIA শিক্ষার অপসারণ
(প্রফেসর প্যাট্রিসিয়া মারফির দ্বারা রচিত যুক্তি ও লক্ষ্য থেকে গৃহীত)।

সম্পদ 3: TESS-INDIA প্রধান সম্পদসমূহ এবং OER-গুলির তালিকা

- **পাঠগুলির পরিকল্পনা করা:** শিক্ষার্থীদের কার্যকরভাবে শেখার জন্য, শিক্ষকদের অ্যাক্টিভিটিগুলির পরিকল্পনা করা প্রয়োজন যা তাদের শিক্ষার্থীরা ইতিমধ্যেই কী জানে তার উপর ভিত্তি করে করা হয়। এই প্রধান সম্পদটি শিক্ষার্থীদের শিক্ষার অগ্রগতি ঘটানোর জন্য পাঠের পরিকল্পনা করার সময়ে গ্রহণ করার জন্য পদক্ষেপ এবং ক্রিয়াগুলি প্রদান করে।
- **সকলকে জড়িত করা:** সকল শিক্ষার্থীদের যাতে শ্রেণিকক্ষের অ্যাক্টিভিটিগুলিতে অংশগ্রহণ করার সুযোগ থাকে তা সুনিশ্চিত করার জন্য, শিক্ষকদের তাদের শিক্ষার্থীদের, তারা কী জানে এবং তারা কীভাবে এটি জানে তা বোঝা প্রয়োজন। এই প্রধান সম্পদটি সকল শিক্ষার্থীদের কাছে শিক্ষার সুযোগগুলি উপলভ্য করার জন্য ধারণাগুলি প্রদান করে।
- **শেখার জন্য কথা বলা:** শিক্ষার্থীদের একে অপরের সাথে এবং তাদের শিক্ষকের সাথে কথার বলার সুযোগগুলি সৃষ্টি করা, শিক্ষায় সহায়তা করার জন্য আবশ্যিক। শিক্ষার্থীরা কথা বলার মাধ্যমে তাদের বোধগুলি আদানপ্রদান করে এবং এটিকে নতুন শিক্ষার সাথে সম্পর্কযুক্ত করে। সকল বয়সের শিক্ষার্থীদের জন্য কথা বলা গুরুত্বপূর্ণ। শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের ফলপ্রসূ আলোচনায় যুক্ত করার জন্য কীভাবে শিক্ষকরা সুযোগগুলিকে সংগঠিত করতে পারে এই প্রধান সম্পদটি তা বর্ণনা করে।
- **জুটিবদ্ধ কাজ ব্যবহার করা:** শিক্ষার্থীরা কী বোঝে তা আপোসে ঠিক করা এবং এটি একে অপরকে জানানোর মাধ্যমে জুটিবদ্ধভাবে কাজ করা তাদেরকে একে অপরের কাছ থেকে শিখতে সমর্থ করে। সকল বয়সের শিক্ষার্থীদের এবং সকল বিষয়গুলিতে শিক্ষায় সহায়তা করার জন্য কীভাবে কার্যকরভাবে জুটিবদ্ধ কাজের সাহায্য নেওয়া যেতে পারে, সেই ধারণাগুলি এই প্রধান সম্পদটি প্রদান করে।
- **চিন্তা করতে উৎসাহিত করার জন্য মুক্ত প্রশ্ন জিজ্ঞাসা করার সাহায্য নেওয়া:** ভাল প্রশ্নগুলি জিজ্ঞাসা করা শিক্ষকদের জন্য একটি প্রধান দক্ষতা। মুক্ত প্রশ্নগুলি শিক্ষার্থীদের চিন্তাভাবনাগুলিকে প্রণোদিত করতে পারে। এই ধরনের প্রশ্নগুলি শিক্ষকদের তাদের শিক্ষার্থীরা কী জানে তা বুঝতেও সাহায্য করে। এই প্রধান সম্পদটি শিক্ষকদের বিভিন্ন ধরনের প্রশ্নগুলি ব্যবহার করার জন্য ধারণাগুলি প্রদান করে যাতে তাদের শিক্ষার্থীদের দেওয়া উত্তরগুলি মনোযোগ দিয়ে শোনার সাথে সাথে তাদের চিন্তাভাবনার প্রসার ঘটানো যায়।
- **পর্যবেক্ষণ করা ও মতামত দেওয়া:** এই প্রধান সম্পদটি শিক্ষার্থীদের আলোচনা যত্নসহকারে শোনার মাধ্যমে এবং প্রশ্ন জিজ্ঞাসা করে বাধা দেওয়ার আগে চিন্তাভাবনায় প্রণোদিত করার জন্য তাদের এর থেকে যে বোধ গড়ে উঠছে, শিক্ষকদের তা পর্যবেক্ষণ করতে ও শিক্ষার্থীদের শিক্ষাকে পথনির্দেশ দিতে উৎসাহিত করে।
- **গোষ্ঠীর কাজ ব্যবহার করা:** শিক্ষার্থীদের দলে কাজ করার জন্য সংগঠিত করলে তা তাদের একের অপরের ধারণাগুলির উপর ভিত্তি করার এবং তাদের বোধ গড়ে তোলার সুযোগ প্রদান করে। এই প্রধান সম্পদটি কিছু উপায় প্রদান করে, যে উপায়ে শিক্ষকরা বিভিন্ন অ্যাক্টিভিটিগুলি করার জন্য শিক্ষার্থীদের দলে সংগঠিত করতে পারেন।
- **অগ্রগতি ও কার্যকারিতা মূল্যায়ন:** শিক্ষার্থীদের অগ্রগতির মূল্যায়ন শিক্ষকদের সেই প্রমাণটি প্রদান করে যা তাদের প্রতিটি শিক্ষার্থীর জন্য পরবর্তী শিক্ষার সুযোগ সম্পর্কে পরিকল্পনা করার জন্য প্রয়োজন হয়। এই প্রধান সম্পদটি বিভিন্ন ধরনের মূল্যায়নগুলির ব্যাখ্যা দেয় এবং নির্দেশদানের আগে, সময়ে ও পরে কীভাবে মূল্যায়ন করা যেতে পারে তা পরীক্ষা করে।
- **স্থানীয় সম্পদগুলি ব্যবহার করা:** শিক্ষার্থীদের কাছে শিক্ষাকে পরিচিত এবং অর্থপূর্ণ করে তোলার মাধ্যমে সম্পদগুলি অ্যাক্টিভিটিগুলিতে বিশ্বাসযোগ্যতা সৃষ্টি করতে পারে। সম্পদগুলি শিক্ষার্থীদের বস্তু (যেমন ফলের বিভাগগুলি এবং কাউন্টারগুলি) থেকে চিহ্নিত (যেমন সংখ্যা বা ভগ্নাংশগুলি) এমনভাবে সরে যেতে সাহায্য করে যা তাদের কাছে বোধগম্য হয়। সৃজনশীলভাবে সম্পদগুলির ব্যবহার এইভাবে শিক্ষার অ্যাক্টিভিটিগুলিকে শিক্ষার্থীদের কাছে আরো অনুপ্রেরণাদায়ক এবং প্রাসঙ্গিক করে তোলে।

- **গল্প বলা, গান, চরিত্র অভিনয় এবং নাটক:** ধারণাগুলি ও জ্ঞান গড়ে তোলায় শিক্ষার্থীদের একে অপরের সাথে সক্রিয়ভাবে যুক্ত করার জন্য পাঠক্রমের নানাবিধ ক্ষেত্র জুড়ে শিক্ষকেরা কীভাবে গল্প বলা, গান, চরিত্র অভিনয় এবং নাটকের সাহায্য নিতে পারেন সেই সম্পর্কিত উদাহরণগুলি এই প্রধান সম্পদটি প্রদান করে।

সারণি R3.1 প্রাথমিক ইংরাজী OER-গুলির প্রধান সম্পদ এবং ভিডিওগুলি।

OER শিরোনাম	প্রধান সম্পদ/ভিডিওর শিরোনাম																			
	অগ্রগতি ও কার্যকারিতা মূল্যায়ন		তথ্যাবধান করা ও মতামত দেওয়া		গল্প বলা, গান, ভূমিকা পালন এবং নাটক		স্থানীয় সম্পদগুলির ব্যবহার		জটিল কাজ ব্যবহার করা		গোষ্ঠীর কাজ ব্যবহার করা		পাঠগুলি পরিকল্পনা করা		চিত্রা করতে উৎসাহিত করার জন্য প্রশ্ন তৈজ্জাসা করার সাহায্য নেওয়া		শেখার জন্য কথা বলা		সকলকে জড়িত করা	
	KR	V	KR	V	KR	V	KR	V	KR	V	KR	V	KR	V	KR	V	KR	V	KR	V
শ্রেণিকক্ষের রুটিনগুলি																		✓		
গান, ছড়া এবং শব্দ নিয়ে খেলা						✓			✓											
ইংরেজীর বর্ণ ও ধ্বনি		✓										✓								
দাগ-কাটা ও শুরুর দিকের লেখা		✓												✓						
গল্প বলা							✓													
ভাগ করে পড়া														✓						
একটা পাঠ্য সংক্রান্ত পরিকল্পনা করা															✓					
পাঠ করার পরিবেশের উন্নয়ন করা																				
ইংরেজি এবং বিষয়বস্তুর সমন্বয়	✓											✓								
পড়ার বইকে সৃজনশীলভাবে ব্যবহার করা										✓						✓				
সৃজনশীল শিল্পের মধ্যে ইংরেজি শেখা										✓						✓				
শিক্ষণের পরিবেশ																			✓	
পড়ার উন্নতি করা এবং পর্যবেক্ষণ করা				✓																
লেখার উন্নতি করা এবং পর্যবেক্ষণ করা				✓																
ইংরেজির জন্য সম্প্রদায়ের সম্পদসমূহ												✓								

সারণি R3.2 প্রাথমিক গণিত OER-গুলির প্রধান সম্পদ এবং ভিডিওগুলি।

OER শিরোনাম		প্রধান সম্পদ/ভিডিওর শিরোনাম															
অগ্রগতি ও কার্যকারিতা মূল্যায়ন	তথ্যাবধান করা ও মতামত দেওয়া	গল্প বলা, গান, ড্রামিকা পালন এবং নাটক	স্থানীয় সম্পদগুলির ব্যবহার		জটিল কাজ ব্যবহার করা		গোষ্ঠীর কাজ ব্যবহার করা		পাঠগুলি পরিকল্পনা করা		চিত্রা করতে উৎসাহিত করার জন্য প্রশ্ন তৈরী করা		শেখার জন্য কথা বলা		সকলকে জড়িত করা		
			KR	V	KR	V	KR	V	KR	V	KR	V	KR	V	KR	V	
নব্ব্বার গেমসের ব্যবহার: সংখ্যা চেনার উন্নতিকরণ				✓						✓							
										✓					✓		
				✓									✓			✓	
অনুধাবন বিকাশ করতে কৌশলমূলক সম্পদগুলি ব্যবহার করা: স্থানিক মান																	
				✓									✓				
একটি সংখ্যা রেখা ও মান কর যদি ...' অভিব্যক্তিটি ব্যবহার করা: ধনাত্মক এবং ঋণাত্মক সংখ্যাগুলি																	
গণিত সম্বন্ধীয় গল্পগুলি: কথার অক্ষগুলি			✓			✓			✓								
চিত্রভাবনাকে চ্যালেঞ্জের সম্মুখীন করে এমন প্রশ্নগুলি তৈরী করা: ভ্রমশ									✓			✓					
শিক্ষার্থীদের বিশ্বাস করানো যে তারা অক্ষ করতে পারে: ভ্রমশের উপর কার্যক্রিয়গুলি		✓														✓	
ম্যানিপুলেটিভস এর ব্যবহার: বিভাজন এবং পুনরায় বিন্যাস করা				✓									✓				
বাস্তব-জীবনের প্রসঙ্গগুলি ব্যবহার করা: নিয়মমূলক ভাগের গাণিতিক সমাধান পদ্ধতি	✓																
তুলনা ও পার্থক্য করার কাজগুলি: আয়তন ও ধারণক্ষমতা												✓					
সমৃদ্ধ কাজগুলি ব্যবহার করা: ক্ষেত্রফল এবং পরিমাপ		✓								✓							
গণিতে ব্যবহারিক উপস্থাপনা: তথ্য পরিচালনা																	
কথা বলার মাধ্যমে শেখা: চলরাশি এবং ধ্রুবকগুলি		✓															
গণিতে অনুমান এবং সাধারণীকরণ: বীজগণিতের উপস্থাপনা														✓			
মূলত: শিক্ষা-সহায়ক ব্যবহারিক সামগ্রী এবং বাস্তব-জীবনের উদাহরণগুলির ব্যবহার: কোণ সম্পর্কিত শিক্ষাদান	✓															✓	
গণিতে বিষয়ে সৃজনশীল চিত্রা: আনুপাতিক যৌক্তিকতা						✓										✓	

সারণি R3.3 প্রাথমিক বিজ্ঞান OER-গুলিতে প্রধান সম্পদ এবং ভিডিওগুলি।

প্রধান সম্পদ/ভিডিওর শিরোনাম																				
OER শিরোনাম	অগ্রগতি ও কার্যকারিতা মূল্যায়ন		তথ্যাবধান করা ও মতামত দেওয়া		গল্প বলা, গান, ভূমিকা পালন এবং নাটক		স্থানীয় সম্পদগুলির ব্যবহার		জটিল কাজ ব্যবহার করা		গোষ্ঠীর কাজ ব্যবহার করা		পাঠগুলি পরিকল্পনা করা		চিত্রা কবচে উৎসাহিত করার জন্য প্রশ্ন জিজ্ঞাসা করার সাহায্য নেওয়া		শেখার জন্য কথা বলা		সকলকে জড়িত করা	
	KR	V	KR	V	KR	V	KR	V	KR	V	KR	V	KR	V	KR	V	KR	V	KR	V
জটিল চিত্রাভাবনা করা: ধ্বনি	✓										✓		✓					✓		✓
জটিল বেঁধে কাজ করা: জীবনের প্রক্রিয়াসমূহ			✓							✓			✓						✓	✓
গোষ্ঠীবদ্ধ কাজ ব্যবহার করা: ভাসা ও ডোবা											✓		✓					✓		
প্রদর্শনী ব্যবহার করা: খাদ্য													✓							
কনসেন্ট ম্যাপিং: জল	✓			✓									✓							
শিক্ষকদের প্রশ্ন: বল																	✓			
শিক্ষার্থীদের প্রশ্ন: বিভিন্ন জিনিসকে সাজানো এবং শ্রেণিবদ্ধ করা												✓					✓		✓	
প্যাটার্ন পর্যবেক্ষণ করা: ছায়া এবং রাত ও দিন									✓			✓					✓			
ব্যবহারিক অনুসন্ধান: পরিবর্তন			✓										✓				✓			✓
গল্প ব্যবহার করা: পরিবেশ							✓		✓											
গেম ব্যবহার করা: বিদ্যুৎ			✓					✓	✓										✓	✓
বিকল্প ধারণাসমূহ: তাপ ও তাপমাত্রা	✓	✓	✓										✓							
শিক্ষার পরিবেশকে উন্নত করা								✓					✓						✓	✓
বিজ্ঞান বিষয়ে আলোচনা: অপুষ্টি											✓							✓		
স্থানীয় জনসমাজকে ব্যবহার করা: পরিবেশ সংক্রান্ত বিষয়সমূহ									✓			✓								

সম্পদ 4: শিক্ষক উন্নতিকরণ OER-এর বিভাগগুলি

সারণি R4.1 একটি TESS-INDIA শিক্ষক উন্নতিকরণ OER-এর বৈশিষ্ট্যসমূহ।

এই ইউনিটটি কী বিষয়ে	শিক্ষাদানের পদক্ষেপগুলির এবং ইউনিটটির পার্থক্য বিষয়টির সাথে পরিচিত করে
বিদ্যালয় নেতৃত্বেরা এই ইউনিট	এগুলি হল শিক্ষকের জন্য শিক্ষা সংক্রান্ত প্রত্যাশা এবং এই ইউনিটে শিক্ষার জন্য প্রধান সুযোগগুলির উপর আলোকপাত করে।
কেন এই পদ্ধতি গুরুত্বপূর্ণ	বিভিন্ন পার্থক্যের প্রসঙ্গগুলিতে শিক্ষকদের তাদের শিক্ষা প্রয়োগ করতে সহায়তা করার লক্ষ্য নিয়ে এই বিভাগটি ব্যাখ্যা করে যে কেন এই পদক্ষেপটি গুরুত্বপূর্ণ।
অ্যাক্টিভিটি	এইসকল অ্যাক্টিভিটিগুলি শিক্ষকদের করার জন্য। এইসকল অ্যাক্টিভিটিগুলির মধ্যে অধিকাংশই শ্রেণিকক্ষে, তাদের শিক্ষার্থীদের নিয়ে অনুশীলন করার জন্য, কিন্তু কয়েকটি কার্যকলাপে সহকর্মীদের সাথে একত্রে কাজ করতে হয়, বা শ্রেণিকক্ষের অ্যাক্টিভিটিগুলির জন্য প্রস্তুতি নিতে হয়। এইসকল অ্যাক্টিভিটিগুলি শিক্ষকদের এমন অভ্যাসগুলি গড়ে তুলতে সাহায্য করে যেগুলি পূর্বের শিক্ষাকে বিবেচনা করে শিক্ষার্থীদের জ্ঞানী হিসাবে স্থান দেয়, পরস্পরের মধ্যে কথোপকথনে উৎসাহ দেয় এবং সুসংগঠিত শিক্ষার অভিজ্ঞতাগুলি প্রদান করে। অ্যাক্টিভিটিগুলি অনুশীলন করার মাধ্যমে গতানুগতিক অভ্যাসগুলি ভেঙে দেওয়া যাবে এবং শিক্ষককে শিক্ষাদান ও শিক্ষালাভ সম্পর্কিত নতুন বোধগুলি গড়ে তোলার সহায়তা করা যায়।
কেস স্টাডি	এগুলি হল বর্ণিত অ্যাক্টিভিটি, একই ধরনের অ্যাক্টিভিটি, প্রস্তুতিমূলক অ্যাক্টিভিটি বা অনুসরণমূলক অ্যাক্টিভিটিগুলি অনুশীলনের অভিজ্ঞতাগুলি সম্পর্কে শিক্ষকদের নিজেদের দেওয়া প্রত্যক্ষ বিবরণ। এই কেস স্টাডিগুলি এটি দেখাতে ব্যবহৃত হয় যে ভারতের শিক্ষকরা যে চ্যালেঞ্জগুলির সম্মুখীন হচ্ছেন সেগুলির প্রতি শিক্ষকরা কীভাবে মত্যা দেন, যেমন অধিক শিক্ষার্থী থাকে, বহুভাষিক এবং মাল্টিগ্রেড শ্রেণিগুলি, এবং প্রকৃত প্রসঙ্গগুলিতে সম্পদগুলির অভাব। বিশেষ করে সেগুলি অন্তর্ভুক্তিকর অভ্যাসগুলিকে প্রদর্শন করে, কীভাবে পূর্বের জ্ঞান বের করে আনা যায়, এবং কীভাবে শিক্ষাদানকে শিক্ষার্থীদের জীবনের সাথে প্রাসঙ্গিক করে তোলা যায়। কেস স্টাডিগুলি পারস্পরিক নির্ভরশীলতার নির্দেশ দেয় – অর্থ্যাৎ, অংশগ্রহণে সহায়তা করার জন্য অর্থ নিয়ে আলাপ-আলোচনা।
চিন্তার জন্য সাময়িক বিরতি	এটি শিক্ষককে তাদের বিদ্যমান অভ্যাস বা অভিজ্ঞতা সম্পর্কে, অথবা অ্যাক্টিভিটিগুলি করার সময়ে বা কেস স্টাডিগুলি নিয়ে আলোচনা করার সময়ে তারা কী লক্ষ্য করেছিলেন তা উদ্দেশ্যপূর্ণভাবে ভাবতে উৎসাহ দেয়। এটি হল সেই ধরনের ভাবনাচিত্রা যেটি শিক্ষকদের শিক্ষালাভের দিকে এগিয়ে দেবে।
কাহিনী	কাহিনীগুলি সেইসকল পদক্ষেপ ও প্রয়োগকৌশলগুলির সূক্ষ্মগুলিকে জোরদার করে যেগুলি OER-এর লক্ষ্য। এটি দেখায় যে কীভাবে পদক্ষেপটির বিভিন্ন দিকগুলি একসাথে সংযুক্ত এবং একটি অপরাটর পরিপূরক। কাহিনীটির উদ্দেশ্য হল, শিক্ষকরা যাতে বিভিন্ন পার্থক্যের প্রসঙ্গগুলিতে তাদের শিক্ষাকে সঞ্চারিত করতে সমর্থ হন সেইজন্য তাদের সহায়তা করা।
সারসংক্ষেপ	এটি ইউনিটটির অন্তর্ভুক্ত প্রয়োগকৌশলটির একটি সংক্ষিপ্ত পর্যালোচনা প্রদান করে।
সম্পদসমূহ	এতে অ্যাক্টিভিটিগুলি অনুশীলন করতে শিক্ষককে সহায়তা করার জন্য বিষয়বস্তু আছে। সেগুলিতে পদক্ষেপটি সম্পর্কে আরো বিশদ বিবরণ (যেমন অন্যতম একটি প্রধান সম্পদ), বিষয় সম্পর্কিত জ্ঞান গড়ে তোলার জন্য সহায়তা, শ্রেণিকক্ষের সম্পদসমূহ, NCF-এর লিংকগুলি অথবা একই ধরনের শ্রেণিকক্ষের অ্যাক্টিভিটিগুলির আরো উদাহরণ থাকতে পারে।
অতিরিক্ত সম্পদসমূহ	এগুলির অতিপ্রায় হল শিক্ষকদের নিজেদের শিক্ষালাভকে OER অতিক্রম করে নিয়ে যেতে উৎসাহ দেওয়ার মাধ্যমে তাদের ক্ষমতাপ্রদান করা এবং তাদের গড়ে ওঠা পেশাদারী অভ্যাসে সহায়তা করার জন্য অন্যান্য সম্পদগুলির সাথে যুক্ত করা। বিশেষ করে, এটি হল বিষয় সংক্রান্ত জ্ঞান গড়ে তোলার সহায়তা করার এবং ভারতে ও অন্তর্জাতিকভাবে উপলব্ধ সম্পদগুলি সম্পর্কে সচেতনতা গড়ে তোলার একটি সুযোগ।
তথ্যসূত্র/গ্রন্থতালিকা	এটির অন্তর্ভুক্ত হল লেখকদের দ্বারা ব্যবহৃত তথ্যসূত্রগুলি এবং শিক্ষকদের জন্য সুপারিশকৃত অন্যান্য পাঠ্যগুলি, যাতে শিক্ষকরা ইউনিটগুলিতে আলোকপাত করা বিষয়গুলি সম্পর্কে তাদের অধ্যয়ন সংক্রান্ত বোধ প্রসারিত করতে পারেন।

সম্পদ 5: পরিবর্তন আনার চ্যালেঞ্জসমূহ

অনেক আঙ্গিক থেকে শিক্ষকদের পরিবর্তন ঘটানো সম্পর্কে বহু সংখ্যক গবেষণালব্ধ লেখা আছে (Piaget, 1967; Shulman, 1986; Atherton, 1999; Eraut, 2001, 2004, 2007; Fullan, 2008; এবং আরো অনেকে)। পরিবর্তন সংক্রান্ত বিদ্যালয়ের নেতৃত্ব সম্পর্কিত OER-গুলি আপনাকে পরিবর্তন সংক্রান্ত কিছু তথ্যের সাথে পরিচয় করায় এবং এটি কীভাবে পরিকল্পনা করা যায় ও প্রদান করা যায় সে সম্পর্কে চিন্তাভাবনা করতে আপনাকে উৎসাহিত করে।

সকল তত্ত্ব এই বিষয়ে একমত বলে মনে হয় যে শিক্ষাদানের ক্ষেত্রে পরিবর্তন ঘটানোর অর্থ হল শিক্ষকদের তাদের স্বাস্থ্যবাহ্যিক ক্ষেত্রটির সীমারেখা প্রসারিত করতে বলা। যে কোনো বাধা উদ্ভূত হলে, তা অতিক্রম করতে শিক্ষকদের সাহায্য করার জন্য সহায়তার প্রয়োজন আছে। পেশাদারী উন্নয়নমূলক অ্যাক্টিভিটিগুলি প্রদান করার জন্য কার্যকরভাবে পরিকল্পনা করার নিমিত্ত সম্ভাব্য সমস্যাগুলিকে উদ্দেশ্য করতে হবে। শিক্ষকদের কাছ থেকে আসা কিছু চ্যালেঞ্জকে নিচের তালিকাটি সংক্ষেপিত করে এবং আপনি কীভাবে সাড়া দিতে পারেন সেই পরামর্শ দেয়।

আমাদের কেন এটি করতে হবে? পাঠ্যসূচিটি সম্পূর্ণ করা যথেষ্ট কঠিন।

আমরা যে কাজগুলি করছি সেগুলি NCF 2005-এ নির্ধারিত করা আছে। যদি ভারতকে বিশ্বে প্রতিযোগিতা করতে হয়, তাহলে শিক্ষামূলক ফলাফলগুলিকে আমাদের উন্নত করা প্রয়োজন। সরকার আমাদের কাছে যা চান সেটি অর্জন করার জন্য আমাদের একসাথে কাজ করা প্রয়োজন।

আমার কাছে যথেষ্ট পরিমাণ সম্পদ নেই।

আমি স্বীকার করি যে সম্পদগুলি নিতান্তই অপ্রতুল। তবে, আপনি যদি যত্নসহকারে OER পড়েন, তাহলে অ্যাক্টিভিটিগুলির জন্য অতিরিক্ত সম্পদগুলির প্রয়োজন হয় না।

শ্রেণিতে অনেক বেশি সংখ্যক শিক্ষার্থী আছে। আপনি অধিক শিক্ষার্থী থাকা একটি শ্রেণিকে নিয়ে দলগত কাজ করতে পারেন না।

অধিক শিক্ষার্থী থাকা শ্রেণিগুলিকে নিয়ে কাজ করা যে অনেক চ্যালেঞ্জ উপস্থাপিত করে, তা সত্য। কিন্তু আপনি অধিক সংখ্যক শিক্ষার্থীদের নিয়ে জুটিবদ্ধ বা দলবদ্ধ কাজ করতে পারেন। OER-গুলির কিছু কেস স্টাডি খুব বেশি শিক্ষার্থী থাকা শ্রেণিগুলিকে নিয়ে শিক্ষকদের কাজ করার বর্ণনা দেয়।

শিক্ষার্থীরা খুবই ধীরগতিসম্পন্ন।

এটি উত্তর দেওয়ার পক্ষে একটি অন্যতম সবচেয়ে কঠিন বিষয় কারণ অনেক শিক্ষকই বিশ্বাস করেন যে কিছু শিশু জন্মগতভাবে বোকা। এতে কোনো সন্দেহ নেই যে কিছু শিক্ষার্থী পড়াশোনাকে অন্যদের তুলনায় কঠিন বোধ করে, কিন্তু গবেষণা থেকে দেখা গেছে যে সঠিক ধরনের সাহায্য পেলে, সকল শিক্ষার্থীই শিখতে পারে। আপনার শিক্ষকদের উৎসাহ দিন যেন তারা শিক্ষার্থীদের দৈনন্দিন জীবনের সাথে কাজটিকে সম্পর্কযুক্ত করার চেষ্টা করে এবং তাদের শ্রেণিকক্ষটিকে এমনভাবে সাজায় যাতে অধিক-সফল শিক্ষার্থীরা কম-সফল শিক্ষার্থীদের সাহায্য করতে পারে।

শিক্ষার্থীরা তাদের কাজ সম্পর্কে কথা বলতে অনিচ্ছুক হয় – তারা দল বেঁধে কাজ করতে খুব একটা পারদর্শী হয় না।

যদি শিক্ষকের পড়ানোর সময়ে তাদের নীরব থাকতে বলার ব্যাপারে শিক্ষার্থীরা অভ্যস্ত হয়, তাহলে নতুন পদক্ষেপগুলির সাথে অভ্যস্ত হয়ে উঠতে তাদের কিছুটা সময় লাগবে। শিক্ষকদের ধৈর্য ধরার এবং তুলনায় সহজ কিছু কৌশল, যেমন জুটিবদ্ধ কাজ দিয়ে শুরু করার প্রয়োজন হবে। আপনি শিক্ষার্থীদের কেন এইভাবে কাজ করতে বলছেন তা তাদের ব্যাখ্যা করে দেওয়া একটি ভাল ধারণা।

পাঠ্যসূচিটি খুব দীর্ঘ। আমি দলবদ্ধ কাজ এবং চরিত্র অভিনয় করার সময় পাইনি।

OER-গুলি-এ ব্যবহৃত পদক্ষেপগুলি, শুধুমাত্র মুখস্থ করে শেখার উপর ভরসা না করে শিক্ষার্থীদের ধারণাগুলি বুঝতে সাহায্য করবে। যদি তারা বোঝে, তাহলে তাদের কাজটি মনে রাখার এবং জ্ঞানটি ধরে রাখার সম্ভাবনা বেশি হয়। বর্ণিত অনেকগুলি কৌশল অপেক্ষাকৃত কম সময়ে করা যেতে পারে। যদি আপনার শিক্ষার্থীরা কাজটি বোঝে, তাহলে তারা অনেক বেশি সহজেই জ্ঞান আত্মস্থ করতে সমর্থ হবে।

সম্পদ 6: শিক্ষকদের ভাবার জন্য সহায়তা

আপনার কাছে কতটা সময় আছে তার উপর নির্ভর করে, আলোচনা করার জন্য নিচের কিছু প্রশ্ন বেছে নিন।

- এই পাঠটির জন্য পরিকল্পনা করা ও প্রস্তুতি নেওয়ার সময়ে আমার কাছে কোন চ্যালেঞ্জগুলি ছিল?
- শিক্ষার্থীরা এই অ্যাক্টিভিটিগুলির প্রতি কীভাবে সাড়া দিয়েছিল?
- আমার শিক্ষার্থীরা কী শিখেছিল এবং এটি আমি কীভাবে জানতে পারি?
- তারা যা শিখেছিল সেগুলির মধ্যে কী পার্থক্য ছিল?
- পাঠটির ফলাফল কী অর্জন করা গিয়েছিল?
- আমি কী কী ব্যাপারে সন্তুষ্ট ছিলাম?
- কী আমাকে অবাক করেছিল?
- যদি কিছু থাকে, তাহলে কী হতাশাদায়ক ছিল?

তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Argote, L. and Ingram, P. (2000) 'Knowledge transfer: a basis for competitive advantage in firms', *Organizational Behavior and Human Decision Processes*, vol. 82, no. 1, pp. 150–69. Available from: <http://www.columbia.edu/~pi17/2893a.pdf> (accessed 28 January 2015).

Atherton, J. S. (1999) 'Resistance to learning: a discussion based on participants in in-service professional training programmes', *Journal of Vocational Education and Training*, vol.51, no 1, pp. 77–90.

Clarke, D. (1994) 'Ten key principles from research for the professional development of mathematics teachers' in Aichele, D.B. and Coxford, A.F. (eds) *Professional Development for Teachers of Mathematics: 1994 Yearbook*. Reston, Virginia: The National Council of Teachers of Mathematics, Inc., pp. 37–48.

Eraut, M. (2001) 'Do continuing professional development models promote one-dimensional learning?', *Medical Education*, vol. 35, no. 1, pp. 8–11.

Eraut, M. (2004) 'Informal learning in the workplace', *Studies in Continuing Education*, vol. 26, no. 2, pp. 247–73.

Eraut, M. (2007) 'Learning from other people in the workplace', *Oxford Review of Education*, vol. 33, no. 4, pp. 403–22.

Fullan, M. (2008) *The Six Secrets of Change*. San Francisco, CA: Jossey-Bass.

National Council of Educational Research and Training (2005) *National Curriculum Framework (NCF)*. New Delhi: NCERT.

National Council of Educational Research and Training (2009) *National Curriculum Framework for Teacher Education (NCFTE)*. New Delhi: NCERT.

Piaget, J. (1967) *The Child's Conception of the World* (translated by Tomlinson, J. and Tomlinson, A.). London : Routledge & Kegan Paul.

Shulman, L.S. (1986) 'Those who understand: knowledge growth in teaching', *Educational Researcher*, vol. 15, no. 2, pp. 4–14.

Szulanski, G. (2000) 'The process of knowledge transfer: a diachronic analysis of stickiness', *Organizational Behavior and Human Decision Processes*, vol. 82, no. 1, pp. 9–27.

কৃতজ্ঞতাস্বীকার

তৃতীয় পক্ষের উপাদান এবং নীচে বিবৃত বিষয় ব্যতীত, এই বিষয়বস্তুটি একটি ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ। (<http://creativecommons.org/licenses/by-sa/3.0/>). নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমন্স লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবল মাত্র TESS-INDIA প্রকল্পে গ্রহণ না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-INDIA, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রদানের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

চিত্র 6: Flickr-এ © Fabrice Florin (গৃহীত) নিচের লিঙ্কটির অধীনে উপলব্ধ: <https://creativecommons.org/licenses/by-sa/2.0/deed.en>) Figure 6: © Fabrice Florin in Flickr (adapted) made available under: <https://creativecommons.org/licenses/by-sa/2.0/deed.en>.(

চিত্র 7: courtesy of Tide~ Global Learning, <http://www.tidegloballearning.net/>) Figure 7: courtesy of Tide~ Global Learning, <http://www.tidegloballearning.net/>.(

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।